# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Falgun 17, 1432 Bangla, March 02, 2026, Monday, No. 61, 56th year

# H I G H L I G H T S

Iraq has declared three days of mourning in the country over the death of Ayatollah Ali Khamenei in US–Israeli attack. In a statement, government spokesman Bassem al-Awadi called it "a blatant act ofaggression". [BBC: 04]

US-Israeli attack on Iran has killed several high-ranking figures, including Iran's defense minister and the head of the armed forces. In addition, at least 57 civilians have died in the attack in Tehran alone. [BBC: 05]

UAE Authorities have reported that three people, including a Bangladeshi, have been killed and 58 injured since Iran's retaliatory military operation. [Jago FM: 12]

The death toll from Saturday's attack on a girls' school in Minab, Iran, has risen to 153. [BBC: 03]

Ongoing tensions in the Middle East have spread panic among locals as well as immigrants living there. [DW: 06]

Bangladesh has voiced deep concern over safety of its nationals in Iran following recent attacks, urging all parties to exercise maximum restraint & return to diplomacy to ensure regional peace & stability. [Jago FM: 11]

Following US–Israeli attacks in Iran and counter-attacks in several Middle Eastern countries, a total of 74 flights from Bangladesh have been canceled so far --- say Shahjalal International Airport authorities. [Jago FM: 11]

Sixteen Bangladeshis are stranded while traveling to Kazakhstan due to the US-Israeli attacks on Iran. [Jago FM: 10]

Russian President Vladimir Putin has strongly condemned the killing of Iranian Supreme Leader Ayatollah Ali Khamenei, calling it a "cynical murder" that violates "all norms of human morality and international law". [BBC: 05]

Jamaat-e-Islami Secretary General Mia Golam Parwar has urged government to halt post-election violence and take effective measures to promote political tolerance for the betterment of Bangladesh. [Jago FM: 15]

NCP convener Nahid Islam has announced that his party will remain vocal both in parliament and on the streets. He called for ensuring justice for the July massacre and the murder of Sharif Osman Hadi. [Jago FM: 13]

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ফাল্গুন ১৭, বাংলা ১৪৩২, মার্চ ০২, ২০২৬, সোমবার, নং- ৬১, ৫৬তম বছর**

# শিরোনাম

ইরানে মার্কিন-ইসরায়েলি হামলায় আয়াতুল্লাহ আলী খামেনির মৃত্যুতে দেশে তিনদিনের শোক ঘোষণা করেছে ইরাক সরকার। এক বিবৃতিতে ইরাক সরকারের মুখপাত্র বাসেম আওয়াদি একে 'আগ্রাসী কর্মকাণ্ড' হিসেবে আখ্যায়িত করেছেন। [বিবিসি: ০৪]

ইরানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলায় ইরানের প্রতিরক্ষামন্ত্রী, সশস্ত্র বাহিনীর প্রধানসহ উচ্চপর্যায়ের বেশ কয়েকজন নিহত হয়েছেন। এছাড়াও, এই হামলায় শুধুমাত্র তেহরানেই মারা গেছেন অন্তত ৫৭জন নাগরিক। [বিবিসি: ০৫]

ইরানের পাল্টা সামরিক অভিযানের পর থেকে সংযুক্ত আরব আমিরাতে একজন বাংলাদেশিসহ এখন পর্যন্ত ৩ জন নিহত এবং ৫৮ জন আহত হয়েছেন বলে জানিয়েছে দেশটির কর্তৃপক্ষ। [জাগো এফএম: ১২]

ইরানের মিনাবে মেয়েদের একটি স্কুলে শনিবারের হামলার ঘটনায় নিহতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৫৩ জনে। [বিবিসি: ০৩]

মধ্যপ্রাচ্যে চলমান উত্তেজনা নিয়ে স্থানীয়দের পাশাপাশি, সেখানে থাকা অভিবাসীদের মধ্যে আতঙ্ক ছড়িয়েছে। [ডয়চে ভেলে: ০৬]

ইরানে সাম্প্রতিক হামলার পর দেশটিতে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের নিরাপত্তা ও সুরক্ষা নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে বাংলাদেশ। আঞ্চলিক শান্তি ও স্থিতিশীলতার জন্য সব পক্ষকে সর্বোচ্চ সংযম প্রদর্শন ও কূটনৈতিক সমাধানের পথে ফেরার আহ্বান জানিয়েছে ঢাকা। [জাগো এফএম: ১১]

ইরানে হামলা ও মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশে পাল্টা হামলার পর, বাংলাদেশ থেকে এখন পর্যন্ত ৭৪টি ফ্লাইট বাতিল করা হয়েছে --- জানিয়েছেন শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর কর্তৃপক্ষ। [ডয়চে ভেলে: ১১]

ইরানে যুক্তরাষ্ট্র-ইসরায়েলের হামলার কারণে কাজাখস্তান ভ্রমণে গিয়ে আটকে পড়েছেন ১৬জন বাংলাদেশি। [জাগো এফএম: ১০]

রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির হত্যাকাণ্ডের ঘটনায় শোক প্রকাশ করেছেন। তিনি খামেনির মৃত্যুকে "মানবিক নৈতিকতা এবং আন্তর্জাতিক আইনের সকল নিয়ম লঙ্ঘনকারী নিষ্ঠুর হত্যাকাণ্ড" হিসেবে অভিহিত করেছেন। [বিবিসি: ০৫]

নির্বাচন-পরবর্তী সহিংসতা বন্ধ এবং রাজনৈতিক সহনশীলতা প্রতিষ্ঠায় সরকারকে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছেন জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। [জাগো এফএম: ১৫]

জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, তাদের দল সংসদ ও রাজপথে সোচ্চার থাকবে। জুলাই হত্যাকাণ্ড ও শরিফ ওসমান হাদি খুনের বিচার নিশ্চিত করার আহ্বান জানিয়েছেন তিনি। [জাগো এফএম: ১৩]

# বিবিসি

## ইরান ইস্যুতে বাংলাদেশের বিবৃতি নিয়ে সমালোচনা কেন?

ইরানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলায় নিহত হয়েছে দেশটির সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলী খামেনি। এছাড়াও, এই হামলায় ইরানের প্রতিরক্ষামন্ত্রী, সশস্ত্র বাহিনীর প্রধানসহ উচ্চপর্যায়ের বেশ কয়েকজন নিহত হওয়ার খবর পাওয়া গেছে। শুধুমাত্র গত ২৪ ঘণ্টায় যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলায় শুধুমাত্র তেহরানেই মারা গেছেন অন্তত ৫৭জন নাগরিক। এই ঘটনায় বিশ্বের বিভিন্ন দেশ শোক ও নিন্দা জানিয়ে বিবৃতি দিয়েছে। রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির হত্যাকাণ্ডের ঘটনায় শোকও প্রকাশ করেছেন। যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার জবাবে শনিবার ইরান পাল্টা হামলা চালায় ইরান। একই সাথে মধ্যপ্রাচ্যের দেশ বাহরাইন, জর্ডান, কুয়েত, কাতার, সৌদি আরব এবং সংযুক্ত আরব আমিরাতে থাকা মার্কিন ঘাঁটিতেও হামলা চালায় ইরান। এমন অবস্থার মধ্যে রোববার বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় একটি বিবৃতি দিয়েছে। যেখানে ইরানের পাল্টা হামলায় মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশের সার্বভৌমত্ব লঙ্ঘনের ঘটনা ঘটেছে দাবি করে এর নিন্দা জানিয়েছে বাংলাদেশ সরকার। কিন্তু বাংলাদেশ সরকারের এই বিবৃতিতে কোথাও যুক্তরাষ্ট্র বা ইসরায়েলের নামও উল্লেখ করা হয়নি। সেই সাথে ইরানে হামলার ঘটনায়ও কোনো নিন্দা জানানো হয়নি। রোববার সন্ধ্যায় ওই বিবৃতিটি প্রকাশের পর সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের অবস্থান নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে নানা আলোচনা-সমালোচনা দেখা যায়। এ নিয়ে মন্তব্যের জন্য বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানের সাথে যোগাযোগের চেষ্টা করে বিবিসি বাংলা। কিন্তু তাৎক্ষণিকভাবে কথা বলা সম্ভব হয়নি।

বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের এমন অবস্থানকে 'একপেশে' মনে করছেন কূটনীতিক বিশ্লেষক ও সাবেক কূটনীতিকরা। সাবেক কূটনীতিক মুন্সি ফয়েজ আহমেদ বিবিসি বাংলাকে বলেছেন, "এ ধরনের পরিস্থিতিতে বাংলাদেশের অবস্থান অত্যন্ত ন্যায়সংগত হওয়া উচিত ছিল। আমরা জানি না, এই বিবৃতি কী কারো চাপে পড়ে দিয়েছে, নাকি পররাষ্ট্র মন্ত্রণালয় নিজে থেকেই দিয়েছে।" এদিকে, বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় সতর্ক করে এই বিবৃতিতে এ-ও বলেছে, চলমান শত্রুতা কেবল আঞ্চলিক শান্তি, স্থিতিশীলতা এবং বেসামরিক জনগণের কল্যাণকেও বিপন্ন করবে।

যা আছে বাংলাদেশের বিবৃতিতে

শনিবার ইরানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলার পরই এর জবাব দিতে শুরু করে ইরান। প্রথম ইসরায়েল ও পরে মধ্যপ্রাচ্যের যে-সব দেশে মার্কিন ঘাঁটি রয়েছে, সে সব ঘাঁটি লক্ষ্য করে ইরান পাল্টা হামলা চালায়। এমন পরিস্থিতিতে শনিবার সন্ধ্যায় জরুরি বৈঠকও করে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়। ওই অঞ্চলে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের নিরাপত্তা নিয়ে বাংলাদেশ সরকার গভীর উদ্বেগ প্রকাশ করে বিবৃতিও দেয়। সেখানে বাংলাদেশ সকল পক্ষকে সর্বোচ্চ সংযম প্রদর্শন, উত্তেজনা পরিহার এবং অবিলম্বে কূটনৈতিক প্রচেষ্টা জোরদারের আহ্বান জানায়। রোববার ভোরে ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা খামেনির মৃত্যুর বিষয়টি নিশ্চিত হলে উত্তেজনা আরো বাড়তে শুরু করে মধ্যপ্রাচ্যে। বাংলাদেশের সামাজিক যোগাযোগ মাধ্যমসহ বিভিন্ন জায়গায় যুক্তরাষ্ট্র-ইসরায়েলের হামলার তীব্র প্রতিবাদও জানানো হয়। রোববার বিকেলে ঢাকায় বিক্ষোভ করে বাংলাদেশের প্রধান বিরোধী দল জামায়াতে ইসলামীও। এই অবস্থার মধ্যে রোববার বিকেলে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় এই ঘটনায় একটি বিবৃতি দেয়। এতে ইরানে হামলার পর সেখানে বসবাসকারী বাংলাদেশি নাগরিকদের নিরাপত্তা নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে বাংলাদেশ। বাংলাদেশ সতর্ক করে এই বিবৃতিতে বলেছে, চলমান শত্রুতা কেবল আঞ্চলিক শান্তি, স্থিতিশীলতা এবং বেসামরিক জনগণের কল্যাণকে বিপন্ন করবে। দেশটি সংশ্লিষ্ট সকল পক্ষকে সর্বোচ্চ সংযম প্রদর্শন এবং মতপার্থক্য নিরসনের জন্য কূটনৈতিক প্রচেষ্টায় ফেরার আহ্বান জানিয়েছে। বিবৃতিতে বাহরাইন, ইরাক, জর্ডান, কুয়েত, কাতার, সৌদি আরব এবং সংযুক্ত আরব আমিরাতসহ এই অঞ্চলের কিছু দেশের সার্বভৌমত্ব লঙ্ঘনের নিন্দাও জানায় বাংলাদেশ।

কূটনীতিক বিশ্লেষকেরা কী বলছেন?

মূলত, এই বিবৃতির পরই এ নিয়ে আলোচনা-সমালোচনা তৈরি হয় বাংলাদেশে। এ নিয়ে মিশ্র প্রতিক্রিয়া জানিয়েছে কূটনীতি বিশ্লেষক ও সাবেক কূটনীতিকরা। তারা বলছেন, বাংলাদেশের সংবিধানেই বলা আছে, দেশের অবস্থান হবে যে-কোনো ধরনের আগ্রাসন বিরোধী। কিন্তু এই ইস্যুতে বাংলাদেশ বেশ সতর্ক অবস্থানে থেকেছে বলেও মনে করছেন কূটনীতিক বিশ্লেষকরা। সাবেক কূটনীতিকদের কেউ কেউ বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতিকে একপেশে বলে বর্ণনা করেছেন। আন্তর্জাতিক সম্পর্ক বিশ্লেষক অধ্যাপক সাহাব এনাম খান বিবিসি বাংলাকে বলেন, "সংবিধান বলছে, আগ্রাসনের বিরোধিতা করতে হবে এবং আন্তর্জাতিক বিরোধ শান্তিপূর্ণভাবে সমাধানের পক্ষে থাকতে হবে। একই সাথে কেউ যদি অবৈধভাবে বলপ্রয়োগ করে, তার বিরুদ্ধেও অবস্থান থাকা উচিত।" তিনি মনে করেন, এই ইস্যুতে বর্তমান সরকারের উচিত ছিল বিবৃতিতে সব পক্ষের নাম উল্লেখ করা। একই সাথে দুই পক্ষের হামলার নিন্দা জানানো। কিন্তু সেটি বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় করেনি। চীনে বাংলাদেশের রাষ্ট্রদূত ছিলেন মুন্সি ফয়েজ আহমেদ, তিনি বিবিসি বাংলাকে বলেছেন, সম্প্রতি যে ঘটনাটি ঘটেছে, সেখানে ইরান আগে আক্রান্ত হয়েছে। ইরানে আগ্রাসন চালিয়েছে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল। যখন ইরান আক্রান্ত হয়েছে, তখন জবাব দিয়েছে তারা। তিনি বলছিলেন, যখন মধ্যপ্রাচ্যে থাকা যুক্তরাষ্ট্রের ঘাঁটিগুলো ব্যবহার করে ইরানে হামলা হয়ে থাকে, ইরান যখন আক্রান্ত হচ্ছে, তখন অবশ্যই তার অধিকার

আছে তা প্রতিহত করার। 'বাংলাদেশের এই বিবৃতি কারো চাপে পড়ে দিয়েছে কী-না,' এই প্রশ্ন রেখে তিনি বলেন, আগ্রাসন তো আগে চালিয়েছে ইসরায়েল-যুক্তরাষ্ট্র। সেখানে আমাদের পররাষ্ট্র মন্ত্রণালয় কেন এমন অবস্থান নিচ্ছে, সেটা আমরা বুঝতে পারছি না। আমরা পররাষ্ট্র মন্ত্রণালয়ের কাছ থেকে যে ধরনের বক্তব্য আশা করেছিলাম, সে ধরনের বক্তব্য পাইনি।"

একজন বাংলাদেশি নিহত তিনজন

ইরানের পাল্টা হামলায় দুবাই এয়ারপোর্ট, কাতার, কুয়েতসহ মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে মার্কিন ঘাঁটিগুলো ক্ষতিগ্রস্ত হয়। রোববারও ইরান ইসরায়েলের পাল্টাপাল্টি হামলা চালাতে দেখা গেছে। ইরানের প্রতিশোধমূলক হামলায় সংযুক্ত আরব আমিরাতে একজন বাংলাদেশিসহ তিনজন নিহত হয়েছে বলে জানা গেছে। আরব আমিরাতে প্রতিরক্ষা মন্ত্রণালয় জানায়, এই হামলায় একজন বাংলাদেশি, পাকিস্তানি ও নেপালি নাগরিক নিহত হয়েছেন। আর আহত হয়েছেন অন্তত ৫৮ জন। প্রতিরক্ষা মন্ত্রণালয় জানায়, তারা ১৬৫টি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র শনাক্ত করেছে এবং এগুলোর মধ্যে ১৫২টি ধ্বংস করেছে। এছাড়াও দুইটি ক্রুজ ক্ষেপণাস্ত্র প্রতিহত করা হয়েছে।

(বিবিসি ওয়েব পেজ : ০১.০৩.২০২৬ আলী আহমেদ)

## ইরানের হামলায় আরব আমিরাতে এক বাংলাদেশিসহ তিনজন নিহত

যুক্তরাষ্ট্র ও ইসরায়েলি হামলার জবাবে ইরান প্রতিশোধমূলক হামলা শুরু করার পর থেকে সংযুক্ত আরব আমিরাতে এক বাংলাদেশিসহ তিনজন নিহত এবং ৫৮ জন আহত হয়েছে" বলে জানিয়েছেন দেশটির কর্মকর্তারা। সংযুক্ত আরব আমিরাতের প্রতিরক্ষা মন্ত্রণালয় ঘোষণা করেছে যে, তারা ১৬৫টি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র শনাক্ত করেছে এবং এগুলোর মধ্যে ১৫২টি ধ্বংস করেছে। এছাড়াও দুইটি ক্রুজ ক্ষেপণাস্ত্র প্রতিহত করা হয়েছে। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, এই হামলায় পাকিস্তানি, নেপালি এবং বাংলাদেশি তিনজন নাগরিক নিহত হয়েছেন। দেশটি আরো জানিয়েছে, মোট "৫৪১টি ইরানি ড্রোন শনাক্ত করা হয়েছে এবং এগুলোর মধ্যে ৫০৬টি প্রতিহত এবং ধ্বংস করা হয়েছে।"

(বিবিসি ওয়েব পেজ: ০১.০৩.২০২৬ রনি)

## ইরানে স্কুলে নিহতের সংখ্যা বেড়ে ১৫৩ জনে দাঁড়িয়েছে

ইরানের মিনাবে মেয়েদের একটি স্কুলে শনিবারের হামলার ঘটনায় নিহতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৫৩ জনে। দেশটির শিক্ষা মন্ত্রণালয়ের একজন মুখপাত্রের বরাত দিয়ে বিচার বিভাগ অনুমোদিত মিজান নিউজ এজেন্সি এই খবর প্রকাশ করেছে। মিনাবের প্রসিকিউটর এর আগে, এই হামলায় ৯৫ জন আহত হওয়ার কথা জানিয়েছিলেন। হরমোজগান গভর্নর অফিসের তথ্য অনুযায়ী, এই প্রদেশের মিনাবের শাজারে তাইয়েবা বালিকা বিদ্যালয়ে সকালের শিফটে ১৭০ জন শিক্ষার্থী পড়াশোনা করে। এ কারণে নিহতের সংখ্যা আরো বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।(বিবিসি ওয়েব পেজ: ০১.০৩.২০২৬ রনি)

## খামেনির মৃত্যুতে ইরাকে ৩ দিনের শোক

আয়াতুল্লাহ আলী খামেনির মৃত্যুতে দেশে তিনদিনের শোক ঘোষণা করেছে ইরাক সরকার। এক বিবৃতিতে ইরাক সরকারের মুখপাত্র বাসেম আওয়াদি ইসলামী প্রজাতন্ত্রের নেতার হত্যাকাণ্ডে শোক প্রকাশ করেছেন। তিনি একে 'আগ্রাসী কর্মকাণ্ড' হিসেবে আখ্যায়িত করেছেন।(বিবিসি ওয়েব পেজ: ০১.০৩.২০২৬ এলিনা)

## করাচিতে মার্কিন কনস্যুলেটে হামলায় আটজন নিহত

পাকিস্তানের করাচিতে মার্কিন কনস্যুলেটে বন্দুকধারীদের গুলিতে কমপক্ষে আটজন নিহত হয়েছেন। এএফপির এক খবরে বলা হয়েছে, করাচির ত্রাণ ও উদ্ধার সার্ভিসের মুখপাত্র মুহাম্মদ আমিন বলেন, "করাচিতে মার্কিন কনস্যুলেটে ইরানপন্থি বিক্ষোভে কমপক্ষে আটজন নিহত হয়েছেন।" তার জানান, "কমপক্ষে আটটি মরদেহ করাচির বেসামরিক হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে এবং ২০ জন আহত হয়েছেন।" কয়েকটি প্রতিবেদনে এমন ইঙ্গিত দেওয়া হয়েছে যে, মার্কিন দূতাবাসের নিরাপত্তা বাহিনী হামলাকারীদের ওপর গুলি চালায় এবং পাকিস্তানি পুলিশ বিক্ষোভকারীদের ওপর কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। এএফপির একজন প্রতিবেদক জানান, "একদল তরুণ মূল গেইট বেয়ে উঠে কনস্যুলেট ভবনের প্রবেশপথে প্রবেশ করে, কিছু জানালাও ভাঙা হয়।" সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্ট করা ভিডিওতে দেখা যাচ্ছে, একটি দল কনস্যুলেট ভবনের জানালা ভাঙছে। পাকিস্তানের লাহোর এবং স্কের্দ শহরেও হাজার হাজার মানুষ রাস্তায় নেমে এসেছে। ইসলামাবাদে মার্কিন দূতাবাসের কূটনৈতিক প্রাঙ্গণের কাছে বিকেলে একটি বিক্ষোভ-সমাবেশ অনুষ্ঠিত হবে বলে আশা করা হচ্ছে।(বিবিসি ওয়েব পেজ: ০১.০৩.২০২৬ এলিনা)

## ইরানের গোয়েন্দা পুলিশের প্রধান নিহত

ইরানের গোয়েন্দা পুলিশের সংস্থা ফারাজার প্রধান গোলামরেজা রেজাইয়ান নিহত হয়েছেন। ফার্স নিউজ এজেন্সির বরাত দিয়ে ইরানিয়ান সংবাদ মাধ্যমগুলো এ খবর জানিয়েছে। মি. রেজাইয়ান এর আগে ইমিগ্রেশন এবং ফরেন ন্যাশনাল পুলিশ, চিফ অব ইন্টেলিজেন্স এবং পাবলিক সিকিউরিটি পুলিশের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেছেন। একইসাথে ইরানের পুলিশ বাহিনীর ডিরেক্টর অব জেনারেল ইন্সপেক্টরের মতো গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন। এছাড়া বিস্তারিত আর কোনো তথ্য প্রকাশ করা হয়নি।(বিবিসি ওয়েব পেজ: ০১.০৩.২০২৬ এলিনা)

## তেহরানের রেডক্রিসেন্ট সোসাইটি ভবন এবং কয়েকটি হাসপাতালে হামলা

ইরানের তেহরানে "রেডক্রিসেন্ট শান্তি ভবনের আশেপাশের এলাকাকে লক্ষ্যবস্তু করে" হামলা চালানো হয়েছে বলে জানিয়েছে ইরানি রেডক্রিসেন্ট সোসাইটি। রেড ক্রিসেন্ট সোসাইটির টেলিগ্রাম চ্যানেলে বলা হয়েছে, "তেহরানের খাতাম আল আনবিয়া, মোতাহারি এবং বেহজিস্তা হাসপাতালের" কাছেও হামলা চালানো হয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ০১.০৩.২০২৬ এলিনা)

## ইরানের শাসন সংশ্লিষ্ট টার্গেটে হামলা করছে ইসরায়েল

ইসরায়েল ডিফেন্স ফোর্স বা আইডিএফ জানিয়েছে, তারা ইরানের শাসক গোষ্ঠী সংশ্লিষ্ট টার্গেটগুলোতে হামলা শুরু করেছে। "গত একদিনে ইসরায়েল ডিফেন্স ফোর্স বড়ো আকারের বিমান হামলা চালিয়েছে, যাতে করে ইরানের আকাশের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠান করা এবং তেহরানের দিকে যাওয়ার পথ তৈরি করা যায়," আইডিএফ-এর এক বিবৃতিতে বলা হয়েছে। ইরানের সংবাদ মাধ্যমের খবর অনুযায়ী তেহরানে বিস্ফোরণের খবর পাওয়া গেছে।
(বিবিসি ওয়েব পেজ: ০১.০৩.২০২৬ এলিনা)

## ইরান অভিযানকালে তিন মার্কিন সেনা নিহত : মার্কিন সেন্ট্রাল কমান্ড

ইরান অভিযান পরিচালনার সময় যুক্তরাষ্ট্রের তিন সেনা সদস্য নিহত হয়েছেন বলে জানিয়েছে মার্কিন সেন্ট্রাল কমান্ড (সেন্টকম)। সেইসঙ্গে, আরও পাঁচজন 'গুরুতর আহত' হয়েছেন বলেও জানানো হয়েছে। শনিবার ইরানে মার্কিন হামলা শুরু হওয়ার পর এই প্রথম নিজেদের সেনা হতাহতের খবর জানাল যুক্তরাষ্ট্র।
(বিবিসি ওয়েব পেজ: ০১.০৩.২০২৬ রনি)

## পারস্য উপসাগরে মার্কিন ঘাঁটিতে বিমান হামলা চালিয়েছে ইরান

পারস্য উপসাগর এবং ইরাকের কুর্দিস্তান অঞ্চলের মার্কিন ঘাঁটিতে ইরানের বিমান বাহিনীর যুদ্ধ বিমানগুলো হামলা চালিয়েছে। ইরানের সেনাবাহিনীর কমান্ডার ইন চিফ আমির হাতামি ইরান নিউজ নেটওয়ার্ককে এ কথা জানিয়েছেন। এক বিবৃতিতে সেনাবাহিনী আরো জানিয়েছে, তারা "কয়েকটি পর্যায়ের অভিযান চালিয়েছে", তবে বিস্তারিত আর কিছু জানায়নি। (বিবিসি ওয়েব পেজ: ০১.০৩.২০২৬ এলিনা)

## বৈঠক করার সময় ইরানের সশস্ত্র বাহিনীর চিফ অব স্টাফ নিহত

ইরানের সশস্ত্র বাহিনীর চিফ অব স্টাফ নিহত হওয়ার ঘটনা নিশ্চিত করা হয়েছে। ইরানি টেলিভিশন জানিয়েছে, সশস্ত্র বাহিনীর চিফ অব স্টাফ আবদুল রহিম মৌসাভি যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলায় অন্যান্য কয়েকজন জ্যেষ্ঠ কমান্ডারের সঙ্গে নিহত হয়েছেন। খবরে বলা হয়েছে, শনিবারের ওই হামলায় নিহতদের তালিকায় মৌসাভির নামের সঙ্গে আরও রয়েছেন প্রতিরক্ষামন্ত্রী আজিজ নাসিরজাদে, বিপ্লবী গার্ডের কমান্ডার মোহাম্মদ পাকপুর এবং সুপ্রিম ডিফেন্স কাউন্সিলের চেয়ারম্যান আলী শামখানি। ইরানের টেলিভিশনের এক প্রতিবেদনে বলা হয়, তারা "একটি প্রতিরক্ষা পরিষদের বৈঠকের সময়" নিহত হন। (বিবিসি ওয়েব পেজ: ০১.০৩.২০২৬ এলিনা)

## আয়াতুল্লাহ খামেনির 'নিষ্ঠুর হত্যাকাণ্ডে' ইরানের প্রতি সমবেদনা জানিয়েছেন পুতিন

রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির হত্যাকাণ্ডের ঘটনায় শোক প্রকাশ করেছেন। রাশিয়ার রাষ্ট্রীয় সংবাদ সংস্থা তাস এ তথ্য জানিয়েছে। তিনি খামেনির মৃত্যুকে "মানবিক নৈতিকতা এবং আন্তর্জাতিক আইনের সকল নিয়ম লঙ্ঘনকারী নিষ্ঠুর হত্যাকাণ্ড" হিসেবে অভিহিত করেছেন।
(বিবিসি ওয়েব পেজ: ০১.০৩.২০২৬ এলিনা)

## খামেনির পথ অব্যাহত থাকবে : ইরানি পররাষ্ট্র মন্ত্রী

ইরানের পারমাণবিক কর্মসূচি নিয়ে তেহরান ও ওয়াশিংটনের মধ্যে কূটনৈতিক আলোচনা চলার সময় যুক্তরাষ্ট্র ও ইসরায়েলি হামলায় নিন্দা জানিয়েছে ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়। ইরানের সর্বোচ্চ নেতা আলী খামেনির মৃত্যুতে পররাষ্ট্র মন্ত্রণালয়ের দেওয়া এক বিবৃতিতে এই নিন্দা জানিয়েছে দেশটি। সাম্প্রতিক হামলাগুলো এমন সময়ে হয়েছে, যখন ওমান ওয়াশিংটন ও তেহরানের মধ্যে আলোচনার মধ্যস্থতা করছিল। ২৬ ফেব্রুয়ারি জেনেভায় সবশেষ আলোচনা অনুষ্ঠিত হয়েছিল। ইরানের পররাষ্ট্র মন্ত্রী আব্বাস আরাঘচি এই বিবৃতিতে বলেন, খামেনির পথ "চলবে।"
(বিবিসি ওয়েব পেজ: ০১.০৩.২০২৬ এলিনা)

## ইরানের হামলায় সংযুক্ত আরব আমিরাতে তিনজন নিহত, ৫৮ জন আহত

যুক্তরাষ্ট্র ও ইসরায়েলি হামলার জবাবে ইরান প্রতিশোধমূলক হামলা শুরু করার পর থেকে "সংযুক্ত আরব আমিরাতে তিনজন নিহত এবং ৫৮ জন আহত হয়েছে" বলে জানিয়েছেন দেশটির কর্মকর্তারা। সংযুক্ত আরব আমিরাতের প্রতিরক্ষা মন্ত্রণালয় ঘোষণা করেছে যে, তারা ১৬৫টি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র শনাক্ত করেছে এবং এগুলোর মধ্যে ১৫২টি ধ্বংস করেছে। এছাড়াও, দুইটি ক্রুজ ক্ষেপণাস্ত্র প্রতিহত করা হয়েছে। দেশটি আরো জানিয়েছে, মোট "৫৪১টি ইরানি ড্রোন শনাক্ত করা হয়েছে এবং এগুলোর মধ্যে ৫০৬টি প্রতিহত এবং ধ্বংস করা হয়েছে।" প্রতিরক্ষা মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, এই হামলায় পাকিস্তানি, নেপালি এবং বাংলাদেশি তিনজন নাগরিক নিহত হয়েছেন।
(বিবিসি ওয়েব পেজ: ০১.০৩.২০২৬ এলিনা)

### 'আমাদের সেনারা শত্রুদের ঘাঁটি গুঁড়িয়ে দিচ্ছে' : ইরানের প্রেসিডেন্ট

ইরানের সশস্ত্র বাহিনীর সদস্যরা তাদের "শত্রুদের ঘাঁটি গুঁড়িয়ে দিচ্ছে" বলে দাবি করেছেন দেশটির প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলায় ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির মৃত্যুর পর রোববার ইরানের রাষ্ট্রীয় টেলিভিশনে প্রচারিত এক সংক্ষিপ্ত ভিডিও বার্তায় তিনি এমন দাবি করেন। জাতির উদ্দেশ্যে দেওয়া ওই ভাষণের আধা ঘণ্টা আগে মি. পেজেশকিয়ান তার এক্স হ্যান্ডেলে একটি পোস্ট দেন। সেখানে তিনি বলেন, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সাম্প্রতিক হামলা ইরানে 'ইসলামী প্রজাতন্ত্রের সরকারের দায়িত্ব ও কর্তব্য পালনের সংকল্পকে বাধাগ্রস্ত করতে পারবে না।"(বিবিসি ওয়েব পেজঃ ০১.০৩.২০২৬ এলিনা)

### মার্কিন রণতরি আব্রাহাম লিংকনে হামলার দাবি আইআরজিসির

যুক্তরাষ্ট্রের বিমানবাহী রণতরি আব্রাহাম লিংকনে হামলার দাবি করেছে ইরানের ইসলামিক রেভ্যুলুশনারি গার্ডস কোর বা আইআরজিসি। আইআরজিসির জনসংযোগ বিভাগ এক বিবৃতিতে জানিয়েছে, "মার্কিন বিমানবাহী রণতরি আব্রাহাম লিংকনে চারটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র দিয়ে হামলা করা হয়েছে।" এতে আরো বলা হয়েছে, "শত্রুদের ওপর হামলার এক নতুন পর্যায়ে প্রবেশ করেছে" তারা। তবে বিস্তারিত আর কিছু জানানো হয়নি এবং অন্যান্য সূত্রগুলোও এখনো এই তথ্য নিশ্চিত করেনি। এই রণতরি, আব্রাহাম লিংকন, বর্তমানে পারস্য উপসাগর এবং আরব সাগরের কাছে অবস্থানরত দুইটি মার্কিন বিমানবাহী রণতরির একটি। (বিবিসি ওয়েব পেজঃ ০১.০৩.২০২৬ এলিনা)

## এনএইচকে

### খামেনির মৃত্যু নিশ্চিত করেছে ইরানের রাষ্ট্রীয় টেলিভিশন

ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যম জানিয়েছে যে, দেশটির সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনিকে হত্যা করা হয়েছে। যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের চালানো হামলায় ২০০ জনেরও বেশি লোক নিহত হয়েছেন বলে জানা গেছে। হোয়াইট হাউস এমন ছবি প্রকাশ করেছে, যেখানে দেখা যাচ্ছে যে, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ফ্লোরিডার মার-এ-লাগো বাসভবন থেকে অভিযান পর্যবেক্ষণ করছেন। ট্রাম্প সামাজিক যোগাযোগ মাধ্যমে লেখেন যে, ইরানি জনগণের জন্য তাদের দেশ পুনরুদ্ধারের "একক সর্বশ্রেষ্ঠ সুযোগ।" তিনি আরও বলেন যে, আগামী সপ্তাহ জুড়ে অথবা তার ভাষায় শান্তির লক্ষ্য অর্জনের জন্য যতক্ষণ প্রয়োজন, ভারী এবং নির্ভুল বোমাবর্ষণ অব্যাহত থাকবে। শনিবার যুক্তরাষ্ট্র ও ইসরায়েল এই হামলা শুরু করে বলেছে যে, এই অভিযানের লক্ষ্য ছিল ইরানকে পরমাণু অস্ত্র অর্জন থেকে বিরত রাখা। তেহরানসহ দেশজুড়ে বিস্ফোরণের খবর পাওয়া গেছে। রেড ক্রিসেন্টের উদ্ধৃতি দিয়ে ইরানি সংবাদমাধ্যম জানায় যে, ইরানের ৩১টি প্রদেশের মধ্যে ২৪টিতে হামলায় কমপক্ষে ২০১ জন নিহত হন। ইসরায়েলি সেনাবাহিনী জানায় যে, তারা ইরানের উর্ধ্বতন কর্মকর্তারা সমবেত হন এমন একাধিক স্থান লক্ষ্য করে হামলা চালায়। তারা এও জানায় যে, ইরানের অভিজাত সামরিক বাহিনী ইসলামি বিপ্লবী গার্ড কর্পসের প্রধানসহ সাতজন নিহত হন। দক্ষিণাঞ্চলীয় প্রদেশ হরমোজগানের কর্মকর্তাদের উদ্ধৃতি দিয়ে ইরানের সংবাদমাধ্যম জানায় যে, ইসরায়েলি এক হামলায় একটি প্রাথমিক বিদ্যালয়ের উপর বোমা ফেলা হয়। এতে, শিশুসহ কমপক্ষে ১০৮ জন নিহত হন বলে জানা গেছে। জবাবে, ইরান ইসরায়েলের দিকে ক্ষেপণাস্ত্র এবং ড্রোন নিক্ষেপ করে। প্রতিরক্ষামন্ত্রী, দেশব্যাপী জরুরি অবস্থা ঘোষণা করেন। ইরানি বাহিনী, সৌদি আরব, বাহরাইন, কাতার ও সংযুক্ত আরব আমিরাতসহ উপসাগরীয় দেশগুলোতে অবস্থিত মার্কিন ঘাঁটি ও অন্যান্য স্থাপনাগুলোকেও লক্ষ্যবস্তু করেছে। সংযুক্ত আরব আমিরাতের প্রতিরক্ষা মন্ত্রণালয় জানায় যে, তারা একাধিক ইরানি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র প্রতিহত করেছে, তবে আবুধাবির একটি আবাসিক এলাকায় নিক্ষেপ করা একটি ক্ষেপণাস্ত্রের ধ্বংসাবশেষের আঘাতে একজন নিহত হন। দুবাইয়ের কর্তৃপক্ষগুলো জানায় যে, দুবাই আন্তর্জাতিক বিমানবন্দরের চারজন কর্মী আহত হয়েছেন। তারা বলছেন যে, ঘটনার আগেই বেশিরভাগ টার্মিনাল খালি করে দেওয়া হয়েছিল এবং বিমানবন্দরটি সমস্ত ফ্লাইট স্থগিত করেছে।(এনএইচকে ওয়েবপেইজঃ ০১.০৩.২৬ রনি)

## ডয়চে ভেলে

### ৭৪টি ফ্লাইট বাতিল, যাত্রীদের ভোগান্তি, দুর্ভোগ

ইরানে হামলা ও মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশে পাল্টা হামলার পর, বাংলাদেশ থেকে এখন পর্যন্ত ৭৪টি ফ্লাইট বাতিল করা হয়েছে বলে জানিয়েছেন শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর কর্তৃপক্ষ। ইরান, ইরাক, কুয়েত, সংযুক্ত আরব আমিরাত, বাহরাইন, কাতার ও জর্ডানের আকাশসীমা বন্ধ করে দেওয়ায় এই পরিস্থিতি সৃষ্টি হয়েছে বলে ডয়চে ভেলেকে জানিয়েছেন শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের নির্বাহী পরিচালক গ্রুপ ক্যাপ্টেন এস এম রাগীব সামাদ। এর ফলে, ঢাকায় শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে যাওয়ার জন্য অপেক্ষমাণ যাত্রীরা বিপাকে পড়েছেন। কেউ কেউ বিমানবন্দরে শনিবার থেকে অপেক্ষা করছেন। তারা ঠিক জানেন না, কখন যেতে পারবেন। তাদের থাকার কোনো ব্যবস্থাও করা হচ্ছে না বলে অভিযোগ তাদের। তাদের বিমানবন্দর থেকে ট্রাভেল এজেন্ট, যাদের কাছ থেকে টিকিটি কিনেছেন, তাদের সঙ্গে যোগাযোগ করতে বলা হচ্ছে। অন্যদিকে, সিভিল এভিয়েশন ও বিমানবন্দরের পক্ষ থেকে খোঁজ-খবর নিয়ে যাত্রীদের বিমানবন্দরে আসতে বলা হয়েছে। তাদের বিমানবন্দরে ভিড় না করার জন্য আহ্বান জানানো হয়েছে। রোববার শাহজালাল বিমানবন্দরে গিয়ে দেখা যায়, অনেকেই অপেক্ষা করছেন। তাদের মধ্যে নারীও

রয়েছেন। তারা মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে যাবেন। কেউ নতুন কাজ নিয়ে যাওয়ার অপেক্ষায়। আবার কেউ ছুটিতে দেশে এসেছিলেন। কিন্তু এখন তারা বিপাকে পড়েছেন। দুপুর দেড়টার দিকে কথা হয় হৃদয় হোসেনের সঙ্গে। তিনি শারজাহ হয়ে মদিনায় যাবেন। কিন্তু তখনও তিনি জানেন না, তিনি যেতে পারবেন কিনা। তবুও তিনি এয়ারপোর্টে এসেছেন, বিকেল ৪টায় তার ফ্লাইটের সময় দেওয়া হয়েছে। তিনি বলেন, "অনিশ্চিত অবস্থার মধ্যে আছি তবুও সকালেই এসে অপেক্ষা করছি। কোনো খোঁজ পাচ্ছি না। জানি না শেষ পর্যন্ত যেতে পারব কিনা।"

আরেক তরুণ একই গন্তব্যে যাবেন। তার ফ্লাইট রাত ৯টায়। তবুও অনিশ্চয়তার কারণে আগেই এসেছেন। খোঁজ-খবর নিচ্ছেন। মোখলেসুর রহমান দুবাই যাবেন। তিনি সেখানে কাজ করেন। দেশে ছুটিতে এসেছিলেন। রবিবার সকাল ১০টার দিকে তিনি বিমানবন্দরে আসেন। বিকেল ৪টার দিকে তার ফ্লাইট ছিল। কিন্তু আসার পর তাকে জানানো হয়, ওই ফ্লাইট বাতিল হয়েছে। আগে জানানো হয়নি। তিনি বলেন, "আমাদের যাদের কাছ থেকে টিকিট কেটেছি, তাদের সঙ্গে যোগাযোগ করতে বলা হয়। তাদের সঙ্গে যোগাযোগ করলে আমাদের বিমানবন্দরেই অপেক্ষা করতে বলা হয়। দুবাই এয়ারপোর্টের পরিস্থিতি স্বাভাবিক হলে যাওয়ার ব্যবস্থা করা হবে। কিন্তু সেটা কখন, তা তো কেউ বলতে পারছে না।"

আরেকজন কাজ নিয়ে সৌদি আরব যাবেন। সকালে ফ্লাইট ছিল। কিন্তু সেটা বাতিল হয়েছে। দুপুর দেড়টার দিকে তিনি জানান, তাদের পরবর্তী ফ্লাইট কখন হতে পারে, তা তারা জানেন না। তবুও বিমানবন্দরে বসে আছেন। এরই মধ্যে বেসামরিক বিমান পরিবহণ মন্ত্রী আফরোজা খানম, প্রতিমন্ত্রী এম রশিদুল মিল্লাত এবং প্রবাসী কল্যাণমন্ত্রী আরিফুল হক চৌধুরী বিমানবন্দর পরিদর্শন করেছেন। তবে তাতে যাত্রীদের ভোগান্তি কমছে না। যাত্রীদের অভিযোগ, পরিস্থিতির গভীরতা তারাও বুঝতে পারছেন। কিন্তু তারা কোনো তথ্য পাচ্ছেন না। "আমরা কার সঙ্গে যোগাযোগ করব, তাও বুঝে উঠতে পরছি না," বলেন, তাদের একজন। শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নির্বাহী পরিচালক গ্রুপ ক্যাপ্টেন এস এম রাগীব সামাদ বলেন, "২৮ ফেব্রুয়ারি থেকে ২ মার্চ পর্যন্ত ৩ দিনে মোট ৭৪টি ফ্লাইট বাতিল করেছে বিভিন্ন এয়ারলাইন্স। তাদের কাছ থেকে আমরা এই তথ্য পেয়েছি।"

**তাদের দেয়া তথ্য মতে-**

২৮ ফেব্রুয়ারি শনিবার মোট ২৩টি ফ্লাইট বাতিল হয়। এর মধ্যে রয়েছে এমিরেটসের একটি, গালফ এয়ারের একটি, ফ্লাই দুবাইয়ের একটি, এয়ার অ্যারাবিয়ার তিনটি, ইউএস-বাংলা এয়ারলাইন্সের ছয়টি এবং বিমানের ১১টি। ১ মার্চ রবিবার বাতিল করা হয়েছে ৪০টি ফ্লাইট। এর মধ্যে জাজিরা এয়ারওয়েজের দুইটি, এমিরেটস এয়ার লাইন্সের পাঁচটি, গালফ এয়ারের ২টি, ফ্লাই দুবাইয়ের চারটি, কাতার এয়ারওয়েজের দুইটি, সালাম এয়ারের দুইটি, এয়ার অ্যারাবিয়ার আটটি, কুয়েত এয়ারওয়েজের দুইটি, ইউএস-বাংলা এয়ারলাইন্সের চারটি এবং বিমানের ৯টি। ২ মার্চ সোমবার ১১টি ফ্লাইট বাতিল করার আগাম ঘোষণা দেওয়া হয়েছে। তার মধ্যে আছে- কাতার এয়ারওয়েজের চারটি, এমিরেটস এয়ারলাইন্সের পাঁচটি এবং গালফ এয়ারের দুইটি। ইউএস-বাংলা এয়ার লাইন্সের পরিচালক (জনসংযোগ) মো. কামরুল ইসলাম ডয়চে ভেলেকে জানান, "গতকালকে (শনিবার) আমরা আমাদের সব ফ্লাইটই বাতিল করে দিয়েছি। কিন্তু আজকে (রোববার) যেহেতু সৌদি আরব ও ওমানের আকাশ এখন ফ্রি আছে, তাই জেদ্দা, রিয়াদ এবং মাসকাটের ফ্লাইটগুলো আজকে (রোববার) থেকে আবার চালু করে দিয়েছি। দুবাই, শারজাহ, আবুধাবি এবং দোহার ফ্লাইটগুলো স্থগিত আছে। পরিস্থিতি স্বাভাবিক হওয়ার ওপর নির্ভর করছে, কবে চালু করা যাবে।" তিনি বলেন, "যে-সব গন্তব্যে আজকে (রোববার) থেকে আমাদের ফ্লাইট চালু হয়েছে, সেই সব ফ্লাইটের যাত্রী যারা আটকা পড়েছেন, তাদের আমরা যাওয়ার ব্যবস্থা করছি। যাদের ভিসা সমস্যা আছে, তাও আমরা দেখছি। কিন্তু সমস্যা হচ্ছে, তারা বিভিন্ন ট্রাভেল এজেন্টদের মাধ্যমে টিকিট কিনেছেন। তাদের ফোন নাম্বারও আমাদের কাছে নেই। ফলে যোগাযোগে সমস্যা হচ্ছে।"

তার কথা, "অনেক যাত্রী বিমানবন্দরে এসে বিপাকে পড়েছেন। আসলে পরিস্থিতি তো কী হবে, আমরাও জানতাম না। আর আমরা যে তাদের বিমানবন্দরে আসতে নিষেধ করব, তাদের ফোন নাম্বারও আমাদের কাছে ছিল না। ফলে তাদের ভোগান্তি হয়েছে। তাদের জন্য আমরা কিছু করতে পারিনি।" বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, ২৮ ফেব্রুয়ারি রিয়াদগামী বিমানের যে ফ্লাইট বাতিল হয়েছিল, তা ২ মার্চ বিকেল ৪টায় ঢাকা থেকে রিয়াদ যাবে। আর মদিনাগামী যে ফ্লাইট বাতিল হয়েছে, তা রোববার বিকেল ৪টায় এবং জেদ্দাগামী বাতিল ফ্লাইট সন্ধ্যা ৭টায় ঢাকার বিমানবন্দর ছেড়ে যাওয়ার কথা। বিমানের জনসংযোগ ব্যবস্থাপক আনন্দ সান্যাল ডয়চে ভেলেকে বলেন, "দোহা, দুবাই এবং আবুধাবি- এই তিনটি গন্তব্য ছাড়া মধ্যপ্রাচ্যের আর যে-সব দেশে আমাদের ফ্লাইট আছে, সেগুলো আমরা চালু করে দিচ্ছি। তবে ওই তিনটিতে কবে চালু হবে, তা পরিস্থিতির ওপর নির্ভর করছে।" সিভিল অ্যাভিয়েশনের একজন কর্মকর্তা জানান, এখন সৌদি আরব এবং ওমানের আকাশ নিরাপদ এবং সেখানে কোনো নিষেধাজ্ঞা নাই। ফলে অন্যান্য সব এয়ারলাইন্সই ঢাকা থেকে ওই রুটে ফ্লাইট পরিচালনা ফের শুরু করে দিয়েছে বা করবে। বেসামরিক বিমান পরিবহণ প্রতিমন্ত্রী এম রশিদুল মিল্লাত ডয়চে ভেলেকে বলেন, "মধ্যপ্রাচ্যের যে-সব দেশের আকাশ নিরাপদ না এবং নিষেধাজ্ঞা আছে, সেখানে তো ফ্লাইট অপারেশন সম্ভব নয়। তবে কয়েকটি রুটে আবার চালু হয়েছে। সেইসব রুটের যারা আটকা পড়েছেন, তারা যাতে দ্রুত যেতে পারেন, আমরা সেই ব্যবস্থা করছি। আর আমরা যাত্রীরা যাতে সঠিক তথ্য পান, তার ব্যবস্থা করছি। যাত্রীরা যেন খবর নিয়ে বিমানবন্দরে আসেন। আমরা নিয়মিত আপডেট দেব।" এক প্রশ্নের

জবাবে তিনি বলেন, "শনিবার রাতে যারা বিমানবন্দরে আটকে পড়েন, তাদের কাছে আমরা গিয়েছি, কথা বলেছি। কিছু যাত্রীকে হোটেলে থাকারও ব্যবস্থা করা হয়েছে।" তার কথা, "পরিস্থিতির ওপর তো এখন অনেক কিছু নির্ভর করছে। আমরা বিকল্প চিন্তাও করছি। বিশেষ করে, যে যাত্রীরা মধ্যপ্রাচ্যের বিভন্ন দেশকে ট্রানজিট হিসাবে ব্যবহার করে ইউরোপ বা অন্য কোনো দেশের যাত্রী।" মধ্যপ্রাচ্যের অধিকাংশ বাংলাদেশি যাত্রীই বাংলাদেশের প্রবাসী কর্মী। তবে এর বাইরেও ইউরোপসহ বিশ্বের বিভিন্ন দেশে যেতে অনেক এয়ারলাইন্সই মধ্যপ্রাচ্যের বিভিন্ন বিমানবন্দরকে ট্রানজিট হিসাবে ব্যবহার করেন, সেই যাত্রীরাও আটকা পড়েছেন। (ডয়চে ভেলে ওয়েব পেজঃ ০১.০৩.২০২৬ রুবাইয়া)

## মধ্যপ্রাচ্যে কী পরিস্থিতিতে আছেন অভিবাসীরা?

মধ্যপ্রাচ্যে চলমান উত্তেজনা নিয়ে স্থানীয়দের পাশাপাশি, সেখানে থাকা অভিবাসীদের মধ্যে আতঙ্ক ছড়িয়েছে। তবে গুজব না ছড়ানোর আহ্বানও জানিয়েছেন কেউ কেউ। ইসরায়েল-যুক্তরাষ্ট্র বনাম ইরান যুদ্ধে উত্তপ্ত হয়ে আছে মধ্যপ্রাচ্য। একদিকে ইরানের বিভিন্ন শহরে বিমান হামলা, অন্যদিকে ইরান থেকে ড্রোন ও মিসাইল হামলায় বারবার কেঁপে উঠছে এ অঞ্চল। বাংলাদেশের এক কোটি অভিবাসীর সিংহভাগই থাকেন মধ্যপ্রাচ্যে। উদ্ভূত এই পরিস্থিতি নিয়ে তাদের কয়েকজন কথা বলেছেন ডয়চে ভেলের সঙ্গে। এছাড়াও, ডয়চে ভেলের ফেসবুক পাতায় মন্তব্য করেছেন অনেকে।

**কাতার**

কাতারের রাজধানী দোহায় ফুড ডেলিভারির কাজ করেন নাজমুল তালুকদার। শনিবার দুপুর বারোটার দিকে প্রথম অ্যালার্ট পান তিনি। "শনিবার প্রথম যে অ্যালার্টটা পাই, সেটি ছিল কাতারের স্থানীয় সময় ১২টা ০৪ মিনিটে," ডয়চে ভেলেকে বলেন তিনি। "আমি আমার ব্যক্তিগত কাজে বাহিরে ছিলাম। একই সাথে কিছু সময় পরে আবারও 'হাই অ্যালার্ট আসে। তার ২০-২৫ মিনিট পরেই আকাশে ভীষণ শব্দ শুরু হয়।" তিনি আরো বলেন, "দিন হওয়াতে সেভাবে বোঝা না গেলেও, আকাশে ধোঁয়ার কুণ্ডলী দেখা যায়। এরপর থেকে লাগাতার হামলা চলে, (৩০ মিনিট, ৪৫ মিনিট) পরপর, সেহরির আগে অবধি চলে।" তিনি বলেন, রাতে এই হামলার ভয়াবহতা আরো বোঝা যায়। রোববার সকালেও মোবাইলে অ্যালার্ট পান নাজমুল। "রোববার সকালেও আবার অ্যালার্ট করা হয় এবং পাঁচবার বিস্ফোরণ হয়। কিছু সময় পরে সানায়া নামক জায়গায় বিশাল ধোঁয়ার কুন্ডুলি দেখা যায়। একটু আগে (স্থানীয় সময় দুপুর ২টার দিকে ) আবার তিনটা বিস্ফোরণের শব্দ শোনা গেছে।" তিনি বলেন, স্বাভাবিকভাবেই বাংলাদেশি কমিউনিটিসহ সবাই বেশ কিছুটা উদ্বেগ ও উৎকণ্ঠায় আছেন। ডয়চে ভেলের ফেসবুক পোস্টেও কাতার থেকে অনেকে মন্তব্য করেছেন। লিটন হুসেন লিখেছেন, "কখনও গভর্নমেন্ট থেকে সাইরেন আসতেছে মোবাইল নাম্বারে, কখনও আকাশে বিকট শব্দ, এভাবে চলছে আজকের দিন।" আরাফাত হোসাইন মিলাদ লিখেছেন, "বিকট শব্দে বোমাবর্ষণ বা ক্ষেপণাস্ত্র প্রতিহতের শব্দে আমরা রাতে ঘুমাতে পারিনি। কিছু জায়গায় ক্ষয়ক্ষতির খবর পাওয়া গেলেও আশার কথা হলো, এখন পর্যন্ত আমাদের কোনো প্রবাসী ভাই-বোনের বড়ো কোনো ক্ষতির খবর পাওয়া যায়নি।" তিনি প্রবাসীদের আতঙ্কিত না হয়ে ধৈর্য ধরার আহ্বান জানিয়ে লিখেছেন, "কাতার সরকারের নির্দেশনা মেনে চলুন এবং অপ্রয়োজনে বাইরে বের হওয়া থেকে বিরত থাকুন ।"

**বাহরাইন**

মানামায় চায়না মার্কেটে কাজ করেন এবং সে এলাকায় থাকেন বাংলাদেশি অভিবাসী মোহাম্মদ হোসেন কাজী। তিনি ডয়চে ভেলেকে টেলিফোনে বলেন, "গত রাতে অবস্থা বেশি খারাপ ছিল। আমি যে ভবনে থাকি, তার ওপর দিয়ে ইরানের মিসাইলগুলো যেতে দেখেছি। মূলত, মানামায় আমেরিকার ঘাঁটির (নৌ-বহর কমান্ড) দিকে হামলা করেছে। তো সেগুলো আমাদের ভবনের ওপর দিয়ে যায়। বাহরাইন আবার সেগুলো প্রতিহত করছিল। খুব আতঙ্কে ছিলাম কাল। আমরা রাতে বাইরে বেরিয়ে এসেছিলাম। সব দেখেছি।" মানামার বিমানবন্দরেও হামলা হয়েছে, তবে তাতে খুব একটা ক্ষতি হয়নি বলে জানান তিনি। তিনি বলেন, রোববার সকাল ১১টা থেকে সাড়ে ১১টার দিকে মানামার ক্রাউন প্লাজায় হামলা হয়েছে। সব মিলিয়ে মানামার কয়েকটি এলাকায় হামলা হয়েছে বলে জানান হোসেন কাজী।

**আরব আমিরাত**

দুবাই থেকে মাহাবুব আলম ডয়চে ভেলের পোস্টে লিখেছেন, "আমি দুবাই শহরের পাম জুমেইরাতে থাকি, আমার থেকে মাত্র ৩ কিলোমিটার দূরে বিশ্বের উঁচু ভবন বুরজ খলিফা রয়েছে। এর আসে পাশে একটা পাচতারকা মানের হোটেলে গতকাল সন্ধ্যা ৬টা ৩০-এর পর হামলা হয়েছে, আমি বিকট শব্দ শুনেছি, তখনও কিছু বুঝতে পারি নাই, আমার থেকে প্রায় ১০ কিলোমিটার দূরে রয়েছে বুরজ আল আরব উঁচু ভবন। সেখানেও গতকাল সন্ধ্যায় হামলা হয়েছে, অনেক ক্ষয়ক্ষতি হয়েছে, অগ্নিকুণ্ড দেখা গেছে, দুবাই আন্তর্জাতিক বিমানবন্দর এবং দুবাই জাবেল আলী বন্দরে একাধিকবার হামলা হয়েছে। তবে বন্দরের কমল পানীয় এবং খাবারের কন্টেইনারগুলো বেশ ক্ষতি হয়েছে, রাস্তায় জরুরি সেবার হর্ন শোনা যাচ্ছে। তবে সবকিছু শিথিল রয়েছে।"

দুবাইয়ের বাসিন্দা মো. আরদুল হক লিখেছেন, "সকালে আমাদের কোম্পানির অফিসের কাছেই মনে হয় ১০০ গজ দূরেই একটি ড্রোন আঁছড়ে পড়ে। তখন মনে হয়েছিল এই বুঝি অফিসের ওপরেই পড়ল। খুব ভয় পেয়ে বাহিরে আসলাম।" মাসুর রানা লিখেছেন, "আমি গতকাল দুবাই বুরজ খলিফা সংলগ্ন জাবেল এরিয়াতে ইফতারের পরে ৩টি মিসাইল-সাদৃশ্য বস্তু আকাশে উড়তে দেখি।" মোহিব মিয়াজি লিখেছেন, "আবুধাবি আল দাপরা এয়ারবেজে হামলা হচ্ছে। আমার মাথার উপর দিয়ে যাচ্ছে সব মিসাইল। চোখের সামনে ধংসাত্মক যুদ্ধ দেখছি। ছোটোকালে বাপ-চাচারা রাত

১০টায় ভয়েস অফ আমেরিকার খবর শুনতেন, সবাই মিলে ইরাক-ইরান যুদ্ধের খবর। আর এখন নিজে স্বচক্ষে দেখতে পাচ্ছি।" তোফাজ্জেল হোসেন বাবলু লিখেছেন, "আবুধাবিতে আমেরিকান ঘাঁটির কাছাকাছি আছি এবং আতঙ্ক বিরাজ করছে, মোবাইল সাইরেন বাজার সাথে সাথে বাহিরে খোলা জায়গা চলে যেতে হয়।"

**কুয়েত**

শনিবার থেকে কুয়েতেও বেশ কিছু হামলার ঘটনা ঘটেছে। সেখানে একটি ড্রোন হামলায় চার বাংলাদেশি শ্রমিক আহত হয়েছেন বলে জানিয়েছে প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়। প্রতিমন্ত্রী নূরুল হক নূর বাংলাদেশি গণমাধ্যমকে জানিয়েছেন, আহতদের অবস্থা ততোটা গুরুতর নয়। ডয়চে ভেলের ফেসবুক পোস্টে অবশ্য কুয়েত প্রবাসীরা লিখেছেন, তাদের মধ্যে কিছুটা শঙ্কা-ভয় কাজ করছে। তবে তারা এখনও নিরাপদে আছেন। মোবাশ্বের হাসান লিখেছেন, ১১ ঘটিকায় সাইরেন বেজে ওঠায় বাইরে থাকাতেই আজব শব্দের হুংকারে জনমনে ভয় ও নিরাপদ অবস্থানে আশ্রয় নিতে দেখা যায়। তিনি লেখেন যে, কিছুটা সময় আকাশ অশান্ত ছিল, তবে দুপুরের দিকে এ প্রতিবেদন লেখার সময় কুয়েত শান্ত রয়েছে। একই ধরনের মন্তব্য করেছেন হাসান আল মামুন। করিম মোহাম্মদ আলী লিখেছেন, "মাঝে মাঝে সাইরেনের শব্দ শুনলে বুকটা কেঁপে ওঠে।" রুবেল শরীফ লিখেছেন, "কুয়েতের বাঙালি সম্প্রদায়ের মধ্যে অহেতুক চাপা উদ্বেগ, উৎকণ্ঠা দেখতে পাই। কিন্তু আমি ব্যক্তিগতভাবে নিরাপদ মনে করছি। এখানে জীবনযাপন পুরোপুরি স্বাভাবিক।" এর বাইরে ওমান, জর্ডান, সৌদি আরব ও ইসরায়েল থেকেও প্রবাসীরা লিখেছেন। কৈলাশ রয় পার্থ লিখেছেন, "জর্ডান কিছুক্ষণ পরপর সাইরেন বাজে।" ওমান থেকে মোহাম্মদ নিজাম লিখেছেন, "দুটো পড্রোন দুকম বন্দরে আঘাত করেছে।" হাসানুর রহমান লিখেছেন, "সৌদি আরবে জেদ্দার অবস্থা স্বাভাবিক।" ইসরায়েল থেকে অজয় চন্দ্র লিখেছেন, "আমি ইসরাইলে আছি, নিরাপদে আছি, কিন্তু কিছুটা উৎকণ্ঠায় আছি।" ডয়চে ভেলে ইরানে অভিবাসীদের অবস্থা সম্পর্কেও জানার চেষ্টা করছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০১.০৩.২০২৬ রুবাইয়া)

# জাগো নিউজ

## ইরানের পাল্টা হামলায় আমিরাতে নিহত বাংলাদেশির পরিচয় মিলেছে

ইরানের পাল্টা হামলায় সংযুক্ত আরব আমিরাতে এক বাংলাদেশিসহ এখন পর্যন্ত তিনজন নিহতের তথ্য মিলেছে। নিহত বাংলাদেশির নাম সালেহ আহমেদ। তিনি মৌলভীবাজারের বড়লেখা উপজেলার গাজিটেকা এলাকার ছবর আলীর ছেলে। রোববার (১ মার্চ) রাতে সালেহ আহমেদের চাচাতো ভাই আরব আমিরাত প্রবাসী মাহবুব আলম চৌধুরী জানান, সালেহ আহমেদ সেখানে ডেলিভারি ম্যান হিসেবে দীর্ঘদিন কর্মরত ছিলেন। গতকাল শনিবার সন্ধ্যায় ইফতারের পর কাজে বের হন তিনি। সে সময় আরব আমিরাতে হামলা চালায় ইরান। এসময় বিস্ফোরণে সালেহ আহমেদ নিহত হন। মাহবুব আলম চৌধুরী বলেন, সেখানের প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, সালেহ আহমেদ ইফতার শেষে সন্ধ্যা সাড়ে ৭টার দিকে জরুরি খাদ্য-পানীয় সরবরাহের কাজে বের হন। তার সঙ্গে আরও একজন সহকর্মী ছিলেন। হঠাৎ আকাশে আগুনের মতো উজ্জ্বল একটি বস্তু দেখা যায়। মুহূর্তেই বিকট শব্দে কেঁপে ওঠে আশপাশের এলাকা। পরে ঘটনাস্থলে গিয়ে দেখা যায় সালেহ আহমেদ গুরুতর আহত অবস্থায় মাটিতে পড়ে আছেন। তার শরীরের বিভিন্ন অংশে মারাত্মক আঘাতের চিহ্ন ছিল। তার সঙ্গে আরও একজন বাংলাদেশি আহত হন।

(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ রিহাব)

## মধ্যপ্রাচ্যে সংকট, প্রবাসীদের নিরাপত্তার বিষয়ে খোঁজ-খবর নিলেন প্রধানমন্ত্রী

ইরানসহ মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধের পরিপ্রেক্ষিতে বাংলাদেশিদের বিষয়ে খোঁজ-খবর নিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার সকালে সচিবালয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করেন পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। এ সময় প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির উপস্থিত ছিলেন। প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন একথা জানান। তিনি বলেন, পররাষ্ট্রমন্ত্রী ও পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা সকালে প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করেছেন। ইরানের ঘটনাবলির কারণে মধ্যপ্রাচ্যের দেশগুলোতে বাংলাদেশিরা কী অবস্থায় আছেন, সে সম্পর্কে প্রধানমন্ত্রী খোঁজ-খবর নিয়েছেন এবং প্রয়োজনীয় নির্দেশনা দিয়েছেন। মধ্যপ্রাচ্যকেন্দ্রিক অনেক ফ্লাইট বাতিল হওয়ার পরিপ্রেক্ষিতে বৈঠকে বিভিন্ন বিষয় আলোচনা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ আসাদ)

## শীর্ষ সন্ত্রাসী-চাঁদাবাজদের বিরুদ্ধে শিগ্গির অ্যাকশন : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, বাংলাদেশে যত শীর্ষ সন্ত্রাসী, চাঁদাবাজ আছে, তাদেরকে অতি শিগ্গির আইনের আওতায় আনা হবে। কীভাবে আনা হবে, সেই পরিকল্পনা ফাঁস করতে চাই না। অ্যাকশন শুরু হবে শিগ্গির। রোববার দুপুরে সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে মন্ত্রী এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বাংলাদেশে যত শীর্ষ সন্ত্রাসী, চাঁদাবাজ আছে, তারা অতি শিগ্গির আইনের আওতায় আসে, সে ব্যবস্থা আমরা খুব দ্রুত নেবো। আমাদের পরিকল্পনা এখানে ফাঁস করতে চাই না। কোনোকিছু বাদ থাকবে না, এদেরকে আইনের আওতায় আনবোই। এ বিষয়ে আমরা অত্যন্ত কঠোর। চট্রগ্রামে গোলাগুলির ঘটনায় এক প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, একটি সন্ত্রাসী গ্রুপ দুই মাস আগেও একজন বড়ো ব্যবসায়ীর কাছে চাঁদা চেয়েছে। এরপর চট্টগ্রামের পুলিশ কমিশনার ওই

ব্যবসায়ীর নিরাপত্তা এবং বাসায় পুলিশ প্রহরী দিয়েছে। সে সন্ত্রাসী গ্রুপ হয়ত সুবিধা পায়নি, সেজন্য দু-মাস পরে আবার একই রকমের কর্মকাণ্ড করেছে। এ সময় তারা ভারী অস্ত্র দিয়ে গোলাগুলি করেছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ আসাদ)

## ঈদের পর সারা বছর ধরে হবে স্থানীয় সরকার নির্বাচন : ইসি মাছউদ

নির্বাচন কমিশনার আবদুর রহমানেল মাছউদ বলেছেন, ঈদের পর থেকে সারা বছর ধরে হবে স্থানীয় সরকার নির্বাচন। রোববার রিপোর্টার্স ফোরাম ফর ইলেকশন অ্যান্ড ডেমোক্রেসির বার্ষিক সাধারণ সম্মেলনে শুভেচ্ছা বক্তব্যে এসব কথা বলেন তিনি। আবদুর রহমানেল মাছউদ বলেন, নির্বাচন কমিশনের একটি বড়ো অংশ সাংবাদিকরা। সাংবিধানিকভাবে কমিশন কোনো ভুল করলে, তার সমালোচনা করেন, আরও ভালো কীভাবে করা যায়, তা তুলে ধরেন। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ভালো হয়েছে। সবাই বলেছেন, এ নির্বাচন ভালো হয়েছে, তবে ভালোর কোনো শেষ নেই, আমরা আরও ভালো করতে চাই। তিনি আরও বলেন, নির্বাচন কমিশনের কোনো অবসর নেই। সংসদ নির্বাচন ও রাষ্ট্রপতি নির্বাচন ছাড়াও, অনেক স্থানীয় নির্বাচন আছে, তা আয়োজন করতে হয়। সারা বছর ধরে নির্বাচন হবে। ঈদের পর থেকে স্থানীয় সরকার নির্বাচনের সকল প্রস্তুতি নেওয়া হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ আসাদ)

## কাজাখস্তানের আলমাতি শহরে আটকা পড়েছেন ১৬ বাংলাদেশি

ইরানে যুক্তরাষ্ট্র-ইসরায়েলের হামলার কারণে কাজাখস্তান ভ্রমণে গিয়ে আটকে পড়েছেন ১৬জন বাংলাদেশি। ২৮ ফেব্রুয়ারি আলমাতি থেকে তাদের ফেরার কথা থাকলেও, ফ্লাইট বাতিল হয়ে যাওয়ায় বিমান বন্দরেই অনিশ্চয়তার মধ্যে পড়ে গেছে ভ্রমণকারী দলটি। ২৩ ফেব্রুয়ারি এয়ার এরাবিয়ায় করে দুবাই হয়ে কাজাখস্তান ভ্রমণে যায় ১৬ সদস্যের ওই বাংলাদেশি নাগরিক। প্রায় ৫ দিনের ভ্রমণ শেষে তাদের দেশে ফেরার কথা ২৮ ফেব্রুয়ারি, রোববার। কিন্তু একই দিন ইরানে ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের যৌথ হামলার কারণে মধ্যপ্রাচ্য হয়ে ভ্রমণকারী সব ফ্লাইটই বাতিল করা হয়েছে। আলমাতি থেকে ১৬জনের এই গ্রুপের সদস্য আবদুল্লাহ আশিক জাগো নিউজকে জানিয়েছেন, "আমরা ১৬ জন (গ্রুপ ট্যুর নিয়ে) বর্তমানে কাজাখস্তানের আলমাতি শহরে অবস্থান করছি। ২৮ ফেব্রুয়ারি (শনিবার) কাজাখস্তান সময় বিকাল সোয়া ৩টায় আলমাতি থেকে বাংলাদেশে ফেরার ফ্লাইট ছিল, এয়ার এরাবিয়ায়। ফ্লাইট নম্বর: G9 9252। ফ্লাইটটি শারজাহ হয়ে ঢাকা ফেরার কথা ছিল।" "কিন্তু ইরানের সাথে আমেরিকা ও ইসরাইলের যুদ্ধের কারণে আমাদের ফ্লাইটটি বাতিল করা হয়েছে। এয়ারলাইন্স থেকে আমাদেরকে একদিনের জন্য হোটেলে থাকার ব্যবস্থা করেছে। আমরা এখন সেই হোটেলে অবস্থান করছি। একদিন পর আমরা কীভাবে, কোথায় থাকবো- তার কিছুই জানি না। এই অচলাবস্থা কতদিন থাকে, তাও তো অনিশ্চিত। এয়ার এরাবিয়া কর্তৃপক্ষ থেকে আমাদের বলা হয়েছে, অনির্দিষ্ট সময়ের জন্য তাদের সব ফ্লাইট বাতিল করা হয়েছে।" (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ আসাদ)

## ঢাকায় সৌদি-কাতার-আমিরাত প্রতিনিধিদের সঙ্গে পররাষ্ট্র সচিবের বৈঠক

উপসাগরীয় এলাকায় উদ্ভূত পরিস্থিতির মধ্যে ঢাকায় নিযুক্ত সৌদি আরব, কাতার, কুয়েত ও সংযুক্ত আরব আমিরাতের প্রতিনিধিদের নিয়ে বৈঠক করেছেন পররাষ্ট্র সচিব আসাদ আলম সিয়াম। রোববার পররাষ্ট্র মন্ত্রণালয়ে পররাষ্ট্র সচিবের দপ্তরে এ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক নিয়ে এখনো পররাষ্ট্র মন্ত্রণালয় কোনো তথ্য প্রকাশ করেনি। তবে কূটনৈতিক সূত্রগুলোর ধারণা, স্বাভাবিকভাবে সৌদি আরব, কাতার, কুয়েত ও সংযুক্ত আরব আমিরাতের প্রতিনিধিদের সঙ্গে মধ্যপ্রাচ্যের চলমান পরিস্থিতি নিয়ে আলোচনা হওয়ার কথা। বৈঠকে বাংলাদেশের স্বার্থ সংশ্লিষ্ট বিষয় বিশেষ করে, ওই দেশে থাকা প্রবাসী বাংলাদেশিদের নিরাপত্তার বিষয়টি হয়ত তুলে ধরেছেন পররাষ্ট্র সচিব। এর আগে, মধ্যপ্রাচ্যের চলমান পরিস্থিতি নিয়ে শনিবার রাতে পররাষ্ট্র মন্ত্রণালয়ে এক জরুরি বৈঠক ডাকা হয়। বৈঠকে পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান, পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম, প্রধানমন্ত্রীর পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির এবং পররাষ্ট্র সচিব আসাদ আলম সিয়াম উপস্থিত ছিলেন। বৈঠকে মধ্যপ্রাচ্যের উদ্ভূত পরিস্থিতি পর্যালোচনা করা হয়। বৈঠকে, ইরানসহ মধ্যপ্রাচ্যে সাম্প্রতিক বিরোধপূর্ণ পরিস্থিতি এবং উদ্ভূত উত্তেজনার প্রেক্ষাপটে ওই অঞ্চলে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের নিরাপত্তা নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ আসাদ)

## ভারতীয় হাইকমিশনারকে বলেছি, 'সীমান্ত হত্যা' যেন শুনতে না হয় : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, ভারতীয় হাইকমিশনারকে বিশেষভাবে বলা হয়েছে, যাতে সীমান্ত হত্যা শুনতে না হয়। রোববার দুপুরে সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে মন্ত্রী এ কথা জানান। এর আগে, ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় কুমার ভার্মা স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে সচিবালয়ে আসেন। ভারতীয় হাইকমিশনারের সঙ্গে বৈঠকে কী আলোচনা হয়েছে, এ বিষয়ে জানতে চাইলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ভারতের হাইকমিশনারকে সীমান্ত নিয়ে কথা বলেছি। বিশেষ করে, সীমান্ত হত্যা যেন আর শুনতে না হয়, সেজন্য বিজিবি ও বিএসএফকে সব সময় এ বিষয়ে বৈঠক করতে থাকে। যতটুকু সম্ভব এড়িয়ে চলার জন্য বলা হয়েছে। এ বিষয়ে ভারত বলেছে, তারাও আন্তরিক এবং তাদের সব সংস্থাকে এ বিষয়ে নির্দেশনা দেওয়া

হবে। ভারতীয় ট্যুরিস্ট ভিসার কার্যক্রমের বিষয়ে জানতে চাইলে মন্ত্রী বলেন, বিগত এক দেড় বছরে ভারতের কনসুলেট ও ভিসা অফিসগুলো আক্রমণের শিকার হয়েছে, যার জন্য তারা পুরোদমে সেই ভিসা কার্যক্রম চালু করতে পারেনি। তবে তারা নিশ্চিত করেছে, ধারাবাহিকভাবে চালু করবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ আসাদ)

## ভালো ডাক্তার হোন, রাজনীতি থেকে দূরে থাকুন : স্বাস্থ্যমন্ত্রী

চিকিৎসা, শিক্ষা ও গবেষণার পরিবেশকে রাজনীতিমুক্ত রাখার ওপর জোর দিয়ে স্বাস্থ্যমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন নতুন চিকিৎসকদের উদ্দেশ্যে বলেছেন, শিক্ষাক্ষেত্রে রাজনীতি ব্যাঘাত ঘটায়। লেখাপড়া ও গবেষণায় মনোযোগী হতে হবে। ভালো ডাক্তার হোন, রাজনীতি থেকে দূরে থাকুন। তিনি বলেন, শিক্ষাক্ষেত্রে রাজনীতি ব্যাঘাত সৃষ্টি করে। রেসিডেন্ট চিকিৎসকদের উচিত লেখাপড়া ও গবেষণায় মনোনিবেশ করে নিজেকে মানবিক ও দক্ষ বিশেষজ্ঞ হিসেবে গড়ে তোলা। রোববার বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত রেসিডেন্সি ইনডাকশন প্রোগ্রাম ২০২৬-এ প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এসময় মন্ত্রী নবাগত ১,৩০৬ জন রেসিডেন্টকে পেশাগত উৎকর্ষের পাশাপাশি মানবিকতা, মমত্ববোধ ও দায়িত্বশীলতার সঙ্গে রোগীদের সেবা দেওয়ার আহ্বান জানান।
(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ আসাদ)

## শাহজালালে আটকে পড়া যাত্রীদের সেবায় হটলাইন চালু

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে মধ্যপ্রাচ্যগামী আটকে পড়া যাত্রীদের ২৪ ঘণ্টার সেবা দিতে 'হটলাইন' (১৬১৩৫) চালু করা হয়েছে বলে জানিয়েছেন প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী আরিফুল হক চৌধুরী। তিনি বলেন, যাত্রীদের দুর্ভোগ লাঘবে সব ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। রোববার দুপুরে বিমানবন্দর পরিদর্শনে গিয়ে সাংবাদিকদের এসব কথা বলেন আরিফুল হক চৌধুরী। মন্ত্রী বলেন, গতকাল শনিবার যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ইরানে হামলা শুরু করে। এই প্রেক্ষাপটে ঢাকা থেকে মধ্যপ্রাচ্যগামী ৫৪টি ফ্লাইট গতকাল শনিবার থেকে আজ রোববার দুপুর ১২টা পর্যন্ত বাতিল করা হয়েছে। এ কারণে ভোগান্তিতে পড়েছেন যাত্রীরা। অনেকে অনিশ্চয়তায় ভুগছেন। আটকে পড়া যাত্রীদের ভোগান্তি লাঘবে সব ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ আসাদ)

## নির্মাণাধীন ভবনে কাজ করার সময় নিচে পড়ে দুই শ্রমিকের মৃত্যু

চট্টগ্রামের আনোয়ারা উপজেলার বটতলী ইউনিয়নে নির্মাণাধীন একটি ভবনে কাজ করার সময় মাচা ভেঙে পড়ে দুই নির্মাণ শ্রমিকের মৃত্যু হয়েছে। রোববার বেলা ১১টার দিকে গুন্দ্বীপপাড়া এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত দু-জন হলেন সিয়াম (১৯) ও আনিস (২৫)। তাদের মধ্যে সিয়ামের বাড়ি কুষ্টিয়া এবং আনিসের বাড়ি রাজশাহী জেলায়। তারা ওই ভবনে নির্মাণশ্রমিক হিসেবে কাজ করতেন। স্থানীয় বাসিন্দা ও সহকর্মীরা জানান, সকালে ছয়জন শ্রমিক ভবনের বাইরের অংশে প্লাস্টারের কাজ করছিলেন। এক পর্যায়ে ভবনের রেলিংয়ের পাশে দাঁড়িয়ে কাজ করার সময় রেলিং ভেঙে নিচে থাকা মাচার ওপর পড়ে যান সিয়াম ও আনিস। এতে মাচাটিও ভেঙে যায়। ঘটনাস্থলেই সিয়ামের মৃত্যু হয়। গুরুতর আহত অবস্থায় আনিসকে উদ্ধার করে আনোয়ারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ আসাদ)

## মার্চেই কালবৈশাখি ঝড়ের আভাস, তাপমাত্রা উঠতে পারে ৩৯ ডিগ্রি পর্যন্ত

মার্চ মাসে দেশে তাপপ্রবাহ ও কালবৈশাখি ঝড়ের আভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। একইসঙ্গে মার্চ মাসের শেষদিকে দেশের পশ্চিম ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ওপর দিয়ে দু-একটি মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ বয়ে যেতে পারে। এ সময় তাপমাত্রা সর্বোচ্চ ৩৯ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত উঠতে পারে। রোববার সংস্থাটির মার্চব্যাপী পূর্বাভাসে এসব তথ্য জানানো হয়েছে। পূর্বাভাসে বলা হয়েছে, মার্চ মাসে দেশে স্বাভাবিক বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তবে দিন ও রাতের তাপমাত্রা ক্রমান্বয়ে বাড়তে পারে এবং তা স্বাভাবিকের তুলনায় বেশি থাকতে পারে। এছাড়া এ মাসে দেশে ২ থেকে ৩ দিন বজ্র ও শিলাবৃষ্টিসহ হালকা থেকে মাঝারি ধরনের ঝড় হতে পারে। এছাড়া, এক থেকে দু-দিন তীব্র কালবৈশাখি ঝড় বয়ে যাওয়ার আশঙ্কা রয়েছে। তবে মার্চ মাসে বঙ্গোপসাগরে কোনো ঘূর্ণিঝড় বা নিম্নচাপ সৃষ্টির আভাস নেই বলে জানিয়েছে সংস্থাটি।(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ আসাদ)

## ইরানে থাকা বাংলাদেশিদের নিয়ে উদ্বেগ, সব পক্ষকে সংযমের আহ্বান ঢাকার

ইরানে সাম্প্রতিক হামলার পর দেশটিতে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের নিরাপত্তা ও সুরক্ষা নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে বাংলাদেশ। চলমান সংঘাত আঞ্চলিক শান্তি ও স্থিতিশীলতার জন্য হুমকি তৈরি করছে উল্লেখ করে সব পক্ষকে সর্বোচ্চ সংযম প্রদর্শন ও কূটনৈতিক সমাধানের পথে ফেরার আহ্বান জানিয়েছে ঢাকা। রোববার বিকেলে এক বিবৃতিতে এ আহ্বান জানিয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়। ইরানে হামলার পর উদ্ভূত পরিস্থিতি নিয়ে উদ্বেগ জানিয়ে বাংলাদেশ বলেছে, চলমান শত্রুতামূলক কর্মকাণ্ড অব্যাহত থাকলে তা আঞ্চলিক শান্তি, স্থিতিশীলতা এবং বেসামরিক জনগণের কল্যাণকে আরও বিপদের মুখে ফেলবে। বিবৃতিতে বলা হয়, ইরানে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের নিরাপত্তা ও সুরক্ষা নিয়ে সরকার গভীরভাবে উদ্বিগ্ন এবং পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে। বাংলাদেশ সংশ্লিষ্ট সব পক্ষকে সর্বোচ্চ সংযম প্রদর্শনের আহ্বান জানিয়ে বলেছে, মতপার্থক্য ও বিরোধের শান্তিপূর্ণ সমাধানে কূটনৈতিক উদ্যোগই একমাত্র কার্যকর পথ। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ আসাদ)

## দোহা, দুবাই ও আবুধাবি বাদে মধ্যপ্রাচ্যের সব ফ্লাইট যাবে নির্ধারিত সময়ে

দোহা, দুবাই ও আবুধাবি ব্যতীত মধ্যপ্রাচ্যগামী সব ফ্লাইট নির্ধারিত সময়ে যাত্রা করবে বলে জানিয়েছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। রোববার সংস্থাটির পক্ষ থেকে এ তথ্য জানানো হয়। বিমানের মহাব্যবস্থাপক বোসরা ইসলাম এক বার্তায় বিমান সব যাত্রীকে নির্ধারিত সময়ের চার ঘণ্টা আগে বিমানবন্দরে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানিয়েছেন। শনিবার সকালে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ইরানে হামলা শুরু করে। এর জবাবে ইসরায়েলসহ মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে মার্কিন ঘাঁটিতে আক্রমণ করে ইরান। এই প্রেক্ষাপটে শনিবার থেকে রোববার দুপুর ১২টা পর্যন্ত ঢাকা থেকে মধ্যপ্রাচ্যগামী ৫৪টি ফ্লাইট বাতিল করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ আসাদ)

## ৫ জেলার ডিসি প্রত্যাহার

পাঁচ জেলার জেলা প্রশাসককে প্রত্যাহার করেছে সরকার। গাজীপুর, পঞ্চগড়, কুষ্টিয়া, নেত্রকোণা ও চাঁপাইনবাবগঞ্জের ডিসিকে প্রত্যাহার করে রোববার জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। প্রত্যাহার করা উপ-সচিব পদমর্যাদার এ কর্মকর্তাদের পরবর্তী পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে ন্যস্ত করা হয়েছে। প্রত্যাহার করা কর্মকর্তাদের মধ্যে রয়েছেন- গাজীপুরের ডিসি মোহাম্মদ আলম হোসেন, পঞ্চগড়ের ডিসি কাজী মো. সায়েমুজ্জামান, কুষ্টিয়ার ডিসি মো. ইকবাল হোসেন, নেত্রকোণার ডিসি মো. সাইফুর রহমান এবং চাঁপাইনবাবগঞ্জের ডিসি মো. শাহাদাত হোসেন। এর মাধ্যমে বিএনপি সরকার গঠনের পর মাঠ পর্যায়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ ডিসি পদে রদবদল আনতে শুরু করলো। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ আসাদ)

## ২ আসনের ব্যালট পেপার-ফলাফল শিট হেফাজতে নেওয়ার নির্দেশ হাইকোর্টের

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে রাজশাহী-৪ ও পাবনা-৪ আসনের ব্যালট পেপার ও ফলাফল শিট হেফাজতে নেওয়ার নির্দেশ দিয়েছেন হাইকোর্টের নির্বাচনি আপিল ট্রাইব্যুনাল। এ দুই আসনের ভোটে কারচুপির অভিযোগ এনে ট্রাইব্যুনালে আবেদন করেছেন বিএনপির পরাজিত প্রার্থীরা। আবেদনে ভোট পুনর্গণনা চাওয়া হয়েছে। এ বিষয়ে শুনানি নিয়ে রোববার (১ মার্চ) হাইকোর্টের বিচারপতি মো. জাকির হোসেনের নেতৃত্বাধীন নির্বাচনি আপিল ট্রাইব্যুনালের একক বেঞ্চ এই আদেশ দেন। আদালতে এদিন বিএনপি প্রার্থীদের পক্ষে শুনানি করেন ব্যারিস্টার মো. রুহুল কুদ্দুস কাজল। তাকে সহযোগিতা করেন আইনজীবী হাবিবুর রহমান। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ আসাদ)

## আমিরাতে বাংলাদেশিসহ এখন পর্যন্ত নিহত ৩, আহত ৫৮

ইরানের পাল্টা সামরিক অভিযানের পর থেকে সংযুক্ত আরব আমিরাতে একজন বাংলাদেশিসহ এখন পর্যন্ত ৩ জন নিহত এবং ৫৮ জন আহত হয়েছেন বলে জানিয়েছে দেশটির কর্তৃপক্ষ। ইরান এই হামলা শুরু করে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার জবাবে। সংযুক্ত আরব আমিরাতের প্রতিরক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, এ সময় ১৬৫টি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র শনাক্ত করা হয়েছে, যার মধ্যে ১৫২টি ধ্বংস করা হয়েছে। এছাড়া, ২টি ক্রুজ ক্ষেপণাস্ত্রও প্রতিহত করা হয়েছে। মন্ত্রণালয় আরও জানিয়েছে, মোট ৫৪১টি ইরানি ড্রোন শনাক্ত করা হয়েছে, যার মধ্যে ৫০৬টি প্রতিহত ও ধ্বংস করা সম্ভব হয়েছে। নিহত ৩ জন যথাক্রমে পাকিস্তান, নেপাল ও বাংলাদেশের নাগরিক ছিলেন বলেও জানানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ রিহাব)

## অস্ট্রেলিয়ার জয়ে শুরু এএফসি নারী এশিয়ান কাপ

সাতবার এশিয়ান কাপ ফুটবলে অংশ নিয়ে একবার শিরোপা উদ্যাপন করেছিল অস্ট্রেলিয়ার মেয়েরা, তাও ১৬ বছর আগে। ২০১০ সালে চীনে হওয়া আসরের ফাইনালে উত্তর কোরিয়াকে টাইব্রেকারে হারিয়েছিল অস্ট্রেলিয়া। এবার ঘরের মাঠের টুর্নামেন্টে অন্যতম ফেবারিটও দেশটি। সিডনি, পার্থ ও গোলপোস্ট-অস্ট্রেলিয়ান এই তিন শহরে এবার হচ্ছে এশিয়ান কাপ। রোববার উদ্বোধনী ম্যাচে স্বাগতিক মেয়েরা লড়েছিল ফিলিপাইনের বিপক্ষে। অস্ট্রেলিয়া ১-০ গোলে জিতে শুভ সূচনা করেছে। ১৪ মিনিটে করা সামান্থ মে কেরের গোলে স্বাগতিকরা পেয়েছে স্বস্তির এই জয়। ফিলিপাইন তীব্র লড়াই করে স্বাগতিকদের জয় ১-০ ব্যবধানে আটকে রেখেছে। এ ম্যাচটি 'এ' গ্রুপের। সোমবার এই গ্রুপের ম্যাচ হবে ইরান ও উত্তর কোরিয়ার মধ্যে। প্রথমবার এশিয়ান কাপে বাংলাদেশ খেলছে। প্রথম ম্যাচ ৩ মার্চ চীনের বিপক্ষে। বাংলাদেশ নারী ফুটবল দল এবারই প্রথম খেলতে যাচ্ছে এএফসি এশিয়ান কাপ। ১৯৮০ সালে প্রথমবার বাংলাদেশ পুরুষ ফুটবল দল খেলেছিল এশিয়ান কাপ। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ রিহাব)

## রামগঞ্জে সবচাইতে প্রভাবশালী আমি : এমপি শাহাদাত

লক্ষ্মীপুর-১ (রামগঞ্জ) আসনের সংসদ সদস্য শাহাদাত হোসেন সেলিম বলেছেন, রামগঞ্জের সবচাইতে প্রভাবশালী হলাম আমি। আমার প্রভাবে কেউ যদি প্রভাবিত হয়, সেটা আমি দেখবো। কিন্তু কোনো প্রভাবশালীর নাম দিয়ে, কোনো রাঘব বোয়ালের নাম দিয়ে কারও পরিচিতি হোক, সেটা আমি কোনো অবস্থাতেই চাই না। রোববার (১ মার্চ) দুপুরে রামগঞ্জ পৌরসভার প্রশাসকের সহায়তা কমিটির সদস্য, কর্মকর্তা-কর্মচারী ও নাগরিক সমাজের প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। পৌরসভা মিলনায়তনে এ আয়োজন করা হয়। আইন-শৃঙ্খলা বাহিনীর প্রতি অসন্তোষ প্রকাশ করে শাহাদাত হোসেন বলেন, “বারবার বলার পরও মাদকের বিরুদ্ধে কোনো অভিযোগ পরিচালনা করা হচ্ছে না। যেটা হচ্ছে, সেটা জনগণের দৃষ্টিতে অপ্রতুল। যানবাহনের সংকট

রয়েছে। দ্রুততম সময়ের মধ্যে স্বরাষ্ট্রমন্ত্রী অথবা সচিবের সঙ্গে কথা বলে খুব শিগ্গির যানবাহন বাড়ানোর চেষ্টা করবো। এখন যে যানবাহন আছে, এটা দিয়ে মাটি কাটার যে দুর্বৃত্ত আছে, তাদেরকে চিহ্নিত করবেন এবং তাদেরকে আইনের আওতায় আনবেন।" তিনি আরও বলেন, "আমি ছাড়া আমার কোনো নেতা-কর্মী এ ব্যাপারে ন্যূনতম তদবির করবে না। যদি করে, আমাকে আপনারা অবহিত করবেন। সেই নেতা-কর্মীকে অপ্রাসঙ্গিক করে রামগঞ্জ ত্যাগ করার ব্যবস্থা আমি নেবো।" (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ রিহাব)

## এবার স্থানীয় সরকার সচিব রেজাউল মাকছুদ জাহেদীকে সরানো হলো

এবার স্থানীয় সরকার বিভাগের সচিব মো. রেজাউল মাকছুদ জাহেদীকে সরিয়ে দেওয়া হয়েছে। তাকে জনপ্রশাসন মন্ত্রণালয় সংযুক্ত (সচিব) করা হয়েছে। রোববার (১ মার্চ) এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে দুই-তৃতীয়াংশ আসনে জয়লাভ করে গত ১৭ ফেব্রুয়ারি সরকার গঠন করে বিএনপি। গত ২৩ ফেব্রুয়ারি চুক্তিভিত্তিক নিয়োগ পাওয়া ৯ সিনিয়র সচিব/সচিবের অবশিষ্ট মেয়াদ বাতিল করা হয়। তারা সবাই অন্তর্বর্তী সরকারের সময়ে নিয়োগ পেয়েছিলেন। একই দিন গত সরকারের সময়ে সচিব হওয়া তিনজন কর্মকর্তাকে সরিয়ে দেওয়া হয়। তাদের জনপ্রশাসন মন্ত্রণালয়ে সংযুক্ত করা হয়েছিল।
(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ রিহাব)

## অন্তর্বর্তী সরকারের জারি করা ১৩৩ অধ্যাদেশের ভাগ্য নির্ধারণ করবে সংসদ

অন্তর্বর্তী সরকারের জারি করা ১৩৩টি অধ্যাদেশ ও একটি আদেশ নবগঠিত জাতীয় সংসদের প্রথম অধিবেশনেই উপস্থাপন করা হবে। এরপর সেখানে এগুলোর ভাগ্য নির্ধারণ, অর্থাৎ পাস, সংশোধন বা বাতিলের সিদ্ধান্ত নেওয়া হবে। স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ রোববার (১ মার্চ) সচিবালয়ে নিজ মন্ত্রণালয়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মকর্তাদের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এ তথ্য জানান। তিনি বলেন, সাংবিধানিক বিধান অনুযায়ী, সংসদ অধিবেশন শুরু হলে প্রথম দিনই এসব অধ্যাদেশ উত্থাপন করা হবে। "উপস্থাপনের পর কোন কোন অধ্যাদেশ গ্রহণ করা হবে, কোনগুলো সংশোধনীসহ পাস হবে ও কোনগুলো বাতিল করা হবে, সেসব সিদ্ধান্ত নেবে জাতীয় সংসদ। সংসদ সদস্যদের আলোচনার ভিত্তিতেই চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হবে। এ বিষয়ে আইন মন্ত্রণালয় কাজ করছে। সংসদ অধিবেশন শুরু হলে আপনারা সবাই এ বিষয়ে অবহিত হবেন," যোগ করেন তিনি। এ সময় এক সাংবাদিক উল্লেখ করেন, স্বরাষ্ট্রমন্ত্রীর বরাত দিয়ে বিএনপি মহাসচিব ও স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, জুলাইয়ে নিহত পুলিশ সদস্যদের বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী যেটা বলেছেন, সে অনুযায়ী চলবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ রিহাব)

## শেখ সেলিমের বিরুদ্ধে মামলা দায়ের করবে দুদক

প্রায় সাড়ে ১৩ কোটি টাকার অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে গোপালগঞ্জ-২ আসনের সাবেক সংসদ সদস্য ও প্রভাবশালী আওয়ামী লীগ নেতা শেখ ফজলুল করিম সেলিমের বিরুদ্ধে মামলা দায়েরের সিদ্ধান্ত নিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। রোববার (১ মার্চ) দুদকের মহাপরিচালক মো. আক্তার হোসেন এ তথ্য জানিয়েছেন। এছাড়া, ফজলুল করিম সেলিমের স্ত্রী, দুই ছেলে ও মেয়ের নামে থাকা অবৈধ সম্পদের খোঁজে তাদের সম্পদ বিবরণী দাখিলের নোটিশ জারির সিদ্ধান্ত নিয়েছে দুদক। দুদকের অভিযোগে বলা হয়, শেখ সেলিমের নামে ১৩ কোটি ৫৯ লাখ ১৮ হাজার ৬০ টাকার জ্ঞাত আয়-বহির্ভূত অবৈধ সম্পদের প্রমাণ পাওয়া গেছে। এই কারণে তার বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর ২৭(১) ধারায় একটি মামলা রুজুর অনুমোদন দেওয়া হয়েছে। দুদক জানায়, শেখ সেলিমের পাশাপাশি, তার পরিবারের সদস্যদের নামে-বেনামে বিপুল পরিমাণ সম্পদ রয়েছে বলে সন্দেহ করছে দুদক। অধিকতর তদন্ত ও সম্পদ উদ্ঘাটনের লক্ষ্যে তার পরিবারের চার সদস্যের বিরুদ্ধে ২৬(১) ধারায় সম্পদ বিবরণী দাখিলের আদেশ জারির অনুমোদন দেওয়া হয়েছে। যাদের বিরুদ্ধে নোটিশ জারি করা হয়েছে তারা হলেন- শেখ সেলিমের স্ত্রী ফাতেমা সেলিম, তাদের দুই ছেলে শেখ ফজলে ফাহিম ও শেখ ফজলে নাঈম এবং মেয়ে শেখ আমেনা সুলতানা সোনিয়া।
(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ রিহাব)

## সংসদ ও রাজপথে সোচ্চার থাকবে এনসিপি : নাহিদ ইসলাম

জুলাই হত্যাকাণ্ড ও শরিফ ওসমান হাদি খুনের বিচার নিশ্চিত করার আহ্বান জানিয়ে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, তাদের দল সংসদ ও রাজপথে সোচ্চার থাকবে। রোববার (১ মার্চ) বিকেলে রাজধানীর ফার্মগেটে কৃষিবিদ ইনস্টিটিউশনে জাতীয় যুবশক্তি আয়োজিত ইফতার ও দোয়া অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি এ কথা বলেন। সংস্কার বাস্তবায়নে সংসদ অধিবেশনে সংস্কার পরিষদ গঠন করে সদস্যদের শপথ নেওয়ার দাবি জানান বিরোধী দলীয় চিফ হুইপ নাহিদ। তিনি সরকারকে উদ্দেশ্য করে বলেন, ফ্যাসিবাদের সব অপকর্মকে বৈধতা দেওয়া, রাষ্ট্রপতিকে অভিশংসন করে আইনের আওতায় এনে বিচার করতে হবে। অনুষ্ঠানে এনসিপির মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া বলেন, প্রতারণার আশ্রয় না নিয়ে সরকারকে অবশ্যই জুলাই সংস্কার পরিষদের শপথ নিতে হবে। যে রাষ্ট্রপতি ফ্যাসিস্ট সরকারের সব অপকর্ম ও জুলাই আন্দোলনের বিপক্ষে অবস্থান নিয়ে হত্যাকাণ্ডকে বৈধতা

দিয়েছিলেন, সেই রাষ্ট্রপতির ভাষণের মধ্যদিয়ে সংসদ শুরু হলে তা গ্রহণযোগ্য হবে না বলেও দাবি করেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ রিহাব)

## কৃষি সচিব এমদাদ উল্লাহকে বাধ্যতামূলক অবসর

কৃষি মন্ত্রণালয়ের সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ানকে বাধ্যতামূলক অবসরে পাঠিয়েছে সরকার। তাকে বাধ্যতামূলক অবসর দিয়ে রোববার (১ মার্চ) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। এতে বলা হয়, কৃষি মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ানের চাকরিকাল ২৫ বছর পূর্ণ হয়েছে এবং সরকার জনস্বার্থে তাকে সরকারি চাকরি থেকে অবসর দেওয়া প্রয়োজন বলে বিবেচনা করে। তাই 'সরকারি চাকরি আইন, ২০১৮'-এর ৪৫ ধারায় দেওয়া ক্ষমতাবলে তাকে সরকারি চাকরি থেকে অবসর দেওয়া হলো। তিনি বিধি অনুযায়ী, অবসরজনিত সুবিধাদি পাবেন বলেও প্রজ্ঞাপনে জানানো হয়েছে। সরকারি চাকরি আইনের ৪৫ ধারায় বলা হয়েছে, 'কোনো সরকারি কর্মচারীর চাকরির মেয়াদ ২৫ (পঁচিশ) বছর পূর্ণ হওয়ার পর যে-কোনো সময় সরকার, জনস্বার্থে, প্রয়োজনীয় মনে করলে কোনোরূপ কারণ দর্শানো ছাড়া তাকে চাকরি থেকে অবসর দিতে পারবে। তবে শর্ত থাকে, যে ক্ষেত্রে রাষ্ট্রপতি নিয়োগকারী কর্তৃপক্ষ, সেক্ষেত্রে রাষ্ট্রপতির অনুমোদন গ্রহণ করতে হবে।'
(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ রিহাব)

## জেদ্দা থেকে বিশেষ ব্যবস্থায় ফিরছেন মুশফিক

মধ্যপ্রাচ্যে সৃষ্ট যুদ্ধ পরিস্থিতির কারণে পবিত্র ওমরাহ হজ পালন শেষে দেশে ফেরার পথে সৌদি আরবের জেদ্দা বিমানবন্দরে আটকা পড়েছেন জাতীয় দলের ক্রিকেটার মুশফিকুর রহিম। তবে সব অনিশ্চয়তা কাটিয়ে আজ রোববার (১ মার্চ) রাতে একটি বিশেষ ফ্লাইটে তার দেশে ফেরার কথা রয়েছে। জানা গেছে, ওমরাহ পালন শেষে গতকাল শনিবার এমিরেটস এয়ারলাইন্সের একটি ফ্লাইটে দুবাই হয়ে দেশে ফেরার কথা ছিল মুশফিকের। কিন্তু ইরান ও ইসরায়েল-যুক্তরাষ্ট্রের মধ্যকার পাল্টাপাল্টি হামলার জেরে ওই অঞ্চলের আকাশপথ অনিরাপদ হয়ে পড়ায় মাঝপথ থেকে তাদের ফ্লাইটটি পুনরায় জেদ্দায় ফিরিয়ে নেওয়া হয়। এমন পরিস্থিতিতে গতকাল সামাজিক যোগাযোগমাধ্যমে মুশফিক লিখেছিলেন, সব ফ্লাইট আবার জেদ্দায় ফিরিয়ে আনা হয়েছে। আমি এখন বিমানবন্দরে হাজার হাজার যাত্রীর সঙ্গে অবস্থান করছি। আল্লাহই ভালো জানেন কবে এবং কীভাবে ঢাকায় ফিরব। সবার কাছে দোয়া চাইছি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ রিহাব)

## প্লাস্টিক জমা দিলেই মিলছে রমজানের বাজার

চট্টগ্রাম নগরীতে ব্যবহৃত প্লাস্টিক বর্জ্যের বিনিময়ে চাল, ডাল, তেল, চিনি ও ইফতার সামগ্রীসহ নিত্যপ্রয়োজনীয় পণ্য পাওয়ার সুযোগ চালু হয়েছে। পরিবেশ সুরক্ষা এবং রমজানে নিম্ন আয়ের মানুষের সহায়তায় 'প্লাস্টিক এক্সচেঞ্জ কর্নার' নামে এই ব্যতিক্রমী উদ্যোগ নেওয়া হয়েছে। রোববার (১ মার্চ) নগরের সরকারি কমার্স কলেজের সামনে স্থাপিত কর্নারের উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি করপোরেশনের (চসিক) মেয়র ডা. শাহাদাত হোসেন। ক্লিন বাংলাদেশের উদ্যোগে এবং চসিকের সহযোগিতায় এই কার্যক্রম চালু করা হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে চসিক মেয়র বলেন, প্লাস্টিক দূষণ এখন নগরের অন্যতম বড়ো সমস্যা। ড্রেন ও নালায় প্লাস্টিক জমে জলাবদ্ধতা সৃষ্টি করছে। নাগরিকরা বাসায় জমে থাকা প্লাস্টিক বোতল ও বর্জ্য এখানে জমা দিয়ে পয়েন্ট সংগ্রহ করতে পারবেন। সেই পয়েন্টের বিনিময়ে প্রয়োজনীয় খাদ্যপণ্য ও ইফতার সামগ্রী নেওয়া যাবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ রিহাব)

## ডিএমপির উর্ধ্বতন চার কর্মকর্তার রদবদল

ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) উর্ধ্বতন চার কর্মকর্তার দায়িত্ব রদবদল করা হয়েছে। রোববার (১ মার্চ) ডিএমপির ভারপ্রাপ্ত কমিশনার মো. সরওয়ার স্বাক্ষরিত এক অফিস আদেশে এই রদবদল করা হয়। আদেশে, ডিএমপি ট্রাফিকের রমনা বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) এম তানভীর আহমেদকে গুলশান বিভাগের ডিসি হিসেবে, ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) লালবাগ বিভাগের ডিসি মো. মোস্তাক সরকারকে মিরপুর বিভাগের ডিসি হিসেবে, গুলশান বিভাগের ডিসি রওনক আলমকে ডিবি লালবাগ বিভাগে এবং মিরপুর বিভাগের ডিসি মো. মাইনুল হককে ট্রাফিক রমনা বিভাগের ডিসি হিসেবে পদায়ন করা হয়েছে। অবিলম্বে এই আদেশ কার্যকর হবে বলে অফিস আদেশে বলা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ রিহাব)

## চিড়িয়াখানাকে আন্তর্জাতিক মানে উন্নীত করতে কাজ করছে সরকার

মৎস্য ও প্রাণিসম্পদ, কৃষি এবং খাদ্য মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী সুলতান সালাহউদ্দিন টুকু বলেছেন, রাজধানীর মিরপুরে অবস্থিত বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানাকে আন্তর্জাতিক মানে উন্নীত করতে কাজ করছে সরকার। রোববার (১ মার্চ) বিকেলে বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানার জু রিসার্চ, এডুকেশন অ্যান্ড সার্ভে সেন্টারে কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় প্রতিমন্ত্রী এসব কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, আমরা চাই এই চিড়িয়াখানাকে আরও সংগঠিতভাবে পরিচালনা করতে। এটি একটি সম্ভাবনাময় খাত। সঠিক পরিকল্পনা নিয়ে এগোতে পারলে চিড়িয়াখানাকে লাভজনক ও দর্শনার্থীবান্ধব প্রতিষ্ঠানে পরিণত করা সম্ভব। তিনি বলেন, আমরা রাষ্ট্রের ক্ষমতাবান ব্যক্তি হিসেবে রাষ্ট্র পরিচালনা করতে চাই না, রাষ্ট্রের সেবক হিসেবে দায়িত্ব পালন করতে চাই। মানুষ আমাদের যে প্রত্যাশা নিয়ে নির্বাচিত করেছে,

সেই আস্থা রক্ষা করাই আমাদের লক্ষ্য। শুধু আনুষ্ঠানিকতা পালন করে চলে যাওয়ার জন্য আমরা এখানে আসিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ রিহাব)

**স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে পাকিস্তানের হাইকমিশনারের সাক্ষাৎ**

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত পাকিস্তানের হাইকমিশনার ইমরান হায়দার। রোববার (১ মার্চ) বাংলাদেশ সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে তার অফিসকক্ষে এ সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। বৈঠকে দুই দেশের মধ্যে সেফ সিটি বাস্তবায়ন ও ডাটাবেজ রেজিস্ট্রেশন বিষয়ক সহযোগিতা, সন্ত্রাস দমন ও দুদেশের পুলিশ অ্যাকাডেমির মধ্যে পারস্পরিক সহযোগিতা বিষয়ক সমঝোতা স্মারক স্বাক্ষর, অপরাধী বা বন্দি বিনিময়, ড্রোন খাতে সহযোগিতাসহ পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়, আঞ্চলিক পরিস্থিতি এবং দ্বিপক্ষীয় সম্পর্ক নিয়ে সৌহার্দ্যপূর্ণ আলোচনা হয়। বৈঠকের শুরুতে মন্ত্রী হাইকমিশনারকে স্বাগত জানান। হাইকমিশনার নবনিযুক্ত বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রীকে তার নতুন পোর্টফলিওতে দায়িত্ব পালনের জন্য অভিনন্দন জ্ঞাপন করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ রিহাব)

**প্রবাসীদের ৬ মার্চের মধ্যে স্বাস্থ্য পরীক্ষা-টিকার রিপোর্ট পাঠাতে হবে**

প্রবাসী হজযাত্রীদের আগামী ৬ মার্চের মধ্যে স্বাস্থ্য পরীক্ষা ও টিকার রিপোর্ট পাঠাতে হবে। চলতি বছর হজে যেতে নিবন্ধিত প্রবাসী বাংলাদেশিদের জন্য এ নির্দেশনা দিয়ে রোববার (১ মার্চ) বিজ্ঞপ্তি জারি করেছে ধর্মবিষয়ক মন্ত্রণালয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে ২০২৬ সালের হজে অংশ নিতে নিবন্ধিত প্রবাসী বাংলাদেশি হজযাত্রীদের নিজ নিজ অবস্থানরত দেশের নির্ভরযোগ্য হাসপাতাল বা ডায়াগনস্টিক সেন্টার থেকে মন্ত্রণালয় নির্ধারিত স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করতে হবে। পাশাপাশি মেনিনজাইটিস ও ইনফ্লুয়েঞ্জা টিকা গ্রহণ করতে হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ রিহাব)

**বিমানবাহিনীর ট্রেনিং অ্যান্ড ডকট্রিন কমান্ডের** উদ্বোধন

বাংলাদেশ বিমানবাহিনীর ট্রেনিং অ্যান্ড ডকট্রিন কমান্ডের উদ্বোধন করেছেন বিমানবাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খান। রোববার (১ মার্চ) বিমানবাহিনী ঘাঁটি বাশারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ট্রেনিং অ্যান্ড ডকট্রিন কমান্ডের আনুষ্ঠানিক উদ্বোধন করেন তিনি। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, বিমানবাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খান বিমানবাহিনীর প্রশিক্ষণ সমন্বয় এবং ডকট্রিন ও ট্যাকটিকস প্রণয়ন বিষয়ে সর্বোচ্চ সংস্থা হিসেবে এই প্রতিষ্ঠানের যাত্রা শুরুর বিষয়ে দৃঢ় আস্থা এবং আশাবাদ ব্যক্ত করেন। তিনি দিক-নির্দেশনামূলক বক্তব্যে বিমানবাহিনীকে যুগোপযোগী এবং কৌশলগতভাবে কার্যকর রাখতে পরিকল্পিত ও যুগোপযোগী প্রশিক্ষণ প্রতিষ্ঠান এবং সামরিক শিক্ষা ব্যবস্থার ওপর গুরুত্বারোপ করেন। আইএসপিআর জানায়, ট্রেনিং অ্যান্ড ডকট্রিন কমান্ড সরাসরি বিমানবাহিনী প্রধানের অধীনে পরিচালিত হবে, যা কৌশলগত সামঞ্জস্য এবং সময়োপযোগী নীতিগত দিক-নির্দেশনা নিশ্চিত করার পাশাপাশি পরিকল্পনা, অপারেশন, প্রশিক্ষণ এবং মূল্যায়নের ক্ষেত্রে বিমান সদরের সংশ্লিষ্ট অধিদপ্তরের সঙ্গে কার্যকর সমন্বয় বজায় রাখবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ রিহাব)

**বোরকা পরে সমন্বয়ককে কুপিয়ে আহত, শীর্ষ সন্ত্রাসী গ্যারেজ সোহেল গ্রেফতার**

রাজধানীর মোহাম্মদপুর এলাকায় জুলাই আন্দোলনের সমন্বয়ক ইব্রাহিম খলিলের ওপর হামলার ঘটনায় জড়িত শীর্ষ সন্ত্রাসী ও চাঁদাবাজ সোহেল ওরফে গ্যারেজ সোহেলকে গ্রেফতার করেছে র্যাব। এ সময় তার কাছ থেকে বিদেশি রিভলবারসহ দেশীয় অস্ত্র জব্দ করা হয়। রোববার (১ মার্চ) সন্ধ্যায় র্যাব-২ এর সিনিয়র সহকারী পরিচালক (মিডিয়া) ও অতিরিক্ত পুলিশ সুপার মো. শামসুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেন। ঢাকা জেলার কেরানীগঞ্জ থানার তারানগর ইউনিয়নের সিরাজনগর পশ্চিমপাড়া এলাকায় অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। তার কাছ থেকে বিদেশি রিভলভার, সামুরাই, ছুরি ও একটি দা উদ্ধার করা হয়। রাজধানীর মোহাম্মদপুরের বছিলা সড়ক এলাকায় গত ২২ ফেব্রুয়ারি রাত সাড়ে ১০টার দিকে জুলাই হত্যা মামলার সাক্ষী ও সমন্বয়ক ইব্রাহিম খলিল শুভকে (২৯) বোরকা পরিহিত অজ্ঞাত দুর্বৃত্তরা ধারালো সামুরাই দিয়ে কুপিয়ে গুরুতর জখম করে। পরে স্থানীয় লোকজন ভিকটিমকে আহত অবস্থায় উদ্ধার করে পঙ্গু হাসপাতালে ভর্তি করে। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ রিহাব)

**নির্বাচন-পরবর্তী সহিংসতা বন্ধে কার্যকর পদক্ষেপ নিন : মিয়া গোলাম পরওয়ার**

নির্বাচন-পরবর্তী সহিংসতা বন্ধ এবং রাজনৈতিক সহনশীলতা প্রতিষ্ঠায় সরকারকে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। রোববার (১ মার্চ) চট্টগ্রাম মহানগর জামায়াতের উদ্যোগে আয়োজিত ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। নগরের জিইসি কনভেনশন সেন্টারে বিশিষ্ট ব্যক্তিদের সম্মানে এ ইফতারের আয়োজন করা হয়। গোলাম পরওয়ার বলেন, "জুলাইয়ের ছাত্র-জনতার রক্তস্নাত আন্দোলনের পর, আমরা নতুন বাংলাদেশের স্বপ্ন নিয়ে পথচলা শুরু করেছি। সেই স্বপ্ন বাস্তবায়নে রাজনৈতিক সহনশীলতা ও পারস্পরিক শ্রদ্ধার সংস্কৃতি গড়ে তোলা জরুরি।" জামায়াতের এ নেতার মতে, একটি রাষ্ট্রের গণতান্ত্রিক অগ্রযাত্রায় সরকার ও বিরোধীদল দুটি চাকার মতো কাজ করে। এই দুই পক্ষের সমন্বয়

ছাড়া গণতন্ত্র এগিয়ে যেতে পারে না। কিন্তু নির্বাচনের পর দেশের বিভিন্ন স্থানে সহিংসতা ও অসহিষ্ণুতার ঘটনা ঘটছে। বিজয়ীরা পরাজিতদের এবং জামায়াত নেতা-কর্মীদের বাড়িঘরে হামলা ও অগ্নিসংযোগ করছে। এটি কোনোভাবেই কাম্য নয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ রিহাব)

## ৬ দফা দাবিতে বরিশাল বিশ্ববিদ্যালয়ে কর্মবিরতি

ছয় দফা দাবি আদায়ে কর্মবিরতি শুরু করেছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) কর্মচারীরা। রোববার (১ মার্চ) সকাল ৯টা থেকে বেলা সাড়ে ৩টা পর্যন্ত এ কর্মসূচি চলে। এতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরের কার্যক্রম অনেকটা ব্যাহত হয়। কর্মচারীদের দাবিগুলো হচ্ছে, নিয়মিত আপগ্রেডেশন বোর্ড বসানো ও প্রাপ্য তারিখ থেকে তা কার্যকর করা; সিন্ডিকেট অনুমোদিত অধিককাল কাজের বকেয়া বিল পরিশোধ, সরল সুদে সাধারণ গৃহনির্মাণ ঋণ প্রকল্প দ্রুত বাস্তবায়ন, সার্ভিস রুল ও নিজস্ব পেনশন বিধিমালা প্রণয়ন না হওয়া পর্যন্ত সরকারি বিধি অনুযায়ী পেনশন প্রদান, কর্মচারীদের সংগঠন করার অধিকার এবং কর্মচারীদের বিমা, আবাসনব্যবস্থা ও কল্যাণ তহবিলের আওতাভুক্ত করা। কর্মচারী প্রতিনিধি রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অফিস সহায়ক মো. হাসানুজ্জামান জানান, উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ তৌফিক আলম ইউজিসির দোহাই দিয়ে তাদের ন্যায্য অধিকার থেকে বঞ্চিত করছেন। দাবি আদায়ে ১১ থেকে ২০তম গ্রেডের প্রায় ১৬০ জন কর্মচারী এই কর্মবিরতিতে অংশ নেন। তাদের এ দাবি আগামী তিনদিনের মধ্যে মানা না হলে আরও কঠোর কর্মসূচি দেবেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ রিহাব)

## ফলাফল বাতিল ও ফের নির্বাচন চেয়ে হাইকোর্টে বিএনপি প্রার্থীর আবেদন

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে শেরপুর-১ আসনে ভোটে কারচুপির অভিযোগ এনে হাইকোর্টের নির্বাচনি আপিল ট্রাইব্যুনালে আবেদন করেছেন বিএনপি প্রার্থী সানসিলা জেবরিন। তিনি ফলাফল বাতিল ও ফের নির্বাচন চেয়েছেন। এ বিষয়ে রোববার (১ মার্চ) শুনানি নিয়ে হাইকোর্টের বিচারপতি মো. জাকির হোসেনের একক বেঞ্চ পরবর্তী শুনানির জন্য আগামী ২০ এপ্রিল দিন ঠিক করেছেন। সেই সঙ্গে এর মধ্যে বিজয়ী প্রার্থীসহ বিবাদীদের প্রতি নোটিশ জারি করতে আদেশ দিয়েছেন। আদালতে আজ বিএনপি প্রার্থীর পক্ষে ছিলেন আইনজীবী রাহেমীন চৌধুরী। তিনি বলেন, শেরপুর-১ আসনের ফলাফল বাতিল এবং আবার নির্বাচন চেয়ে আবেদনটি করা হয়েছে। শেরপুর-১ আসনে জামায়াতে ইসলামীর প্রার্থী মো. রাশেদুল ইসলাম ১ লাখ ৩০ হাজার ৯৮৯ ভোট পেয়ে নির্বাচিত হন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপির সানসিলা জেবরিন ৭৭ হাজার ৫২১ ভোট পান। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ রিহাব)

## ১৭ বছরে ১,৩৫,৫৮৫ কারাবন্দিকে আইনি সহায়তা দিয়েছে লিগ্যাল এইড

জাতীয় আইনগত সহায়তা সংস্থা লিগ্যাল এইডের মাধ্যমে ১ লাখ ৩৫ হাজার ৫৮৫ জন কারাবন্দিকে আইনি সহায়তা দেওয়া হয়েছে। এছাড়া, লিগ্যাল এইডের মাধ্যমে সরকারি খরচে আইনি সহায়তা পাওয়া উপকারভোগীর সর্বমোট সংখ্যা ১৩ লাখ ৭৪ হাজার ১৩৩ জন। সংস্থার ওয়েবসাইটে প্রকাশিত এক প্রতিবেদনে এমন তথ্য জানানো হয়। এ প্রতিবেদনে ২০০৯ সাল থেকে ২০২৫ সালের ডিসেম্বর পর্যন্ত লিগ্যাল এইডের কার্যক্রমের বিস্তারিত চিত্র তুলে ধরা হয়েছে। প্রতিবেদন অনুযায়ী, এ সময়ে সরকারি খরচে সুপ্রিম কোর্ট লিগ্যাল এইড অফিসের মাধ্যমে ৩০ হাজার ১৭৩ জন আইনি সহায়তা পেয়েছেন। দেশের ৬৪ জেলা লিগ্যাল এইড অফিসের মাধ্যমে সহায়তা পেয়েছেন ১১ লাখ ১৮ হাজার ৩৭০ জন। এছাড়া, ঢাকা ও চট্টগ্রাম শ্রমিক আইনি সহায়তা সেলের মাধ্যমে ২৯ হাজার ৮২৯ জনকে সেবা দেওয়া হয়েছে। সরকারি আইনি সহায়তার জাতীয় হেল্পলাইন কল সেন্টারের টোল-ফ্রি নম্বরের মাধ্যমে সেবা পেয়েছেন ১ লাখ ৯৫ হাজার ৭৬১ জন। সব মিলিয়ে লিগ্যাল এইডের মাধ্যমে সরকারি খরচে আইনি সহায়তা পাওয়া উপকারভোগীর মোট সংখ্যা ১৩ লাখ ৭৪ হাজার ১৩৩ জন। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ রিহাব)

## আসামি হিসেবে জিয়াউল আহসানের 'সম্মান' চাইলেন আইনজীবী

গুম-খুনের মানবতাবিরোধী অপরাধের মামলায় মেজর জেনারেল (অব.) জিয়াউল আহসানের রায় না হওয়া পর্যন্ত আসামি হিসেবে তাকে 'যথাযথ সম্মান' জানাতে বললেন তার বোন ও আইনজীবী নাজনীন নাহার। রোববার (১ মার্চ) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১-এর চেয়ারম্যান বিচারপতি গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বাধীন ট্রাইব্যুনালে শুনানিকালে তিনি এ আর্জি জানান। প্যানেলের অন্য সদস্য ছিলেন বিচারক মোহিতুল হক এনাম চৌধুরী। এদিন বিচারকার্যের শুরুতে নতুন চিফ প্রসিকিউটর আমিনুল ইসলামকে অভিনন্দন জানান বিচারপতি গোলাম মর্তুজা। এরপর নতুন চিফ প্রসিকিউটরের সামনে সাবেক চিফ প্রসিকিউটর তাজুল ইসলামকে নিয়ে মন্তব্য করেন আইনজীবী নাজনীন নাহার। নতুন চিফ প্রসিকিউটরকে অভিনন্দন জানিয়ে আইনজীবী নাজনীন নাহার বলেন, আগের শুনানিতে অনেক গালগল্প বলা হতো। তুচ্ছতাচ্ছিল্য করে কথা বলা হতো, যা আদালতের সঙ্গে মানানসই নয়। এখানে একজন আসামি (জিয়াউল আহসান) রয়েছেন। রায় না হওয়া পর্যন্ত তাকে যেন যথাযথ সম্মান দেওয়া হয়। আশা করি, আদালত আসামির মর্যাদা রাখবেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০১.০৩.২০২৬ রিহাব)

# BBC

## THE SENIOR IRANIAN FIGURES KILLED IN ATTACK BY US AND ISRAEL

A number of senior figures in Iran are known to have been killed in Saturday's strikes on Iran. They include: * Ayatollah Ali Khamenei, Iran's supreme leader, who was killed on Saturday morning at his office. * Iranian television reports that the country's armed forces chief of staff Abdolrahim Mousavi was killed in air strikes. * Tehran has also confirmed the death of the commander of the Revolutionary Guards, General Mohammad Pakpour. * State media has also reported that Khamenei's daughter, son-in-law and grandchild were killed in the attack. * An Intelligence source and military source has told CBS News that overall around 40 Iranian officials were killed in the strikes.
(BBC News Web Page: 01/03/26, FARUK)

**EIGHT KILLED IN BEIT SHEMESH STRIKE : ISRAELI EMERGENCY SERVICE**

Eight people have been killed after a missile strike in the city of Beit Shemesh, central Israel, the country's medical emergency service Magen David Adom (MDA) says. The service says medics are treating 23 people who have been wounded. MDA says two are seriously hurt, three are in a moderate condition and 18 have minor injuries. All are being taken to hospital.
(BBC News Web Page: 01/03/26, FARUK)

**KHAMENEI'S PATH WILL CONTINUE: IRANIAN FM**

The Iranian foreign ministry, in its statement over the death of Iran's Supreme Leader Ali Khamenei, has once again condemned US and israeli strikes during the diplomatic talks between Tehran and Washington over Iran's nuclear programme. The recent strikes occurred while Oman was mediating talks between Washington and Tehran, with the latest round of negotiations held in Geneva on 26 February. Iran's Foreign Minister Abbas Araghchi also said in a statement that Khamenei's path "will continue".
(BBC News Web Page: 01/03/26, FARUK)

**UK ADVISES AGAINST TRAVEL TO PAKISTAN AFTER US CONSULATE STORMED BY PROTESTERS**

The UK's Foreign Office has updated its advice to British nationals in Pakistan and restricted movements for its British staff in the wake of violence at the US consulate in Karachi. Earlier, hundreds of protesters stormed the US consulate in southern Pakistan in reaction to the strikes in Iran, killing nine people and injuring at least 32 others during clashes between police and protesters, according to a local hospital. Pro-Iran demonstrations are still unfolding across Pakistan, where there are Shia communities who have been longtime supporters of Iran's regime. Hundreds of protesters have been trying to reach the US consulate in Lahore, but are being held off by police.
(BBC News Web Page: 01/03/26, FARUK)

**AN OIL TANKER HIT OFF THE COAST OF OMAN**

An oil tanker has been struck off the coast of Oman, injuring four people, according to Oman's Maritime Security Center. It says an oil tanker named Skylight and flagged to the Republic of Palau, was attacked around five miles from the port of Khasab in the north of the country. Four of the crew members were injured and all 20, including 15 Indian citizens and five Iranian citizens, were evacuated. The Maritime Security Center did not detail what hit the vessel. (BBC News Web Page: 01/03/26, FARUK)

**HEZBOLLAH LEADER MOURNS 'MARTYR' KHAMENEI**

Hezbollah leader Naim Qasem has mourned the Iranian Supreme Leader Ali Khamenei, calling him a martyr who leaves behind tens of millions of devotees. Qasem said that what he described as "the criminal American and Zionist aggression" that targeted Khamenei represented "the height of criminality", pledging "we will fulfill our duty in confronting aggression, confident in Allah's victory, guidance, and support". Hezbollah, the armed Shia group in Lebanon which is considered one of the most prominent groups sponsored by Iran in the region, is organizing a public gathering later today in loyalty to Khamenei and in support of Iran. (BBC News Web Page: 01/03/26, FARUK)

**PUTIN OFFERS CONDOLENCES TO IRAN OVER 'CYNICAL MURDER' OF KHAMENEI**

Russian President Vladimir Putin has expressed his condolences over the death of Iranian Supreme Leader Ali Khamenei, the Russian state news agency TASS reports. He described Khamenei's death as a "cynical murder that violated all norms of human morality and international law". Russia is an ally of Iran. Last year, the two countries agreed to closer military cooperation and signed a 20-year "strategic partnership" treaty.
(BBC News Web Page: 01/03/26, FARUK)

**AT LEAST NINE DEAD FOLLOWING PRO-IRAN PROTEST AT US CONSULATE IN KARACHI IN PAKISTAN**

A senior doctor at Civil Hospital Karachi told BBC News that nine bodies and at least 32 injured people were brought to the hospital after violent clashes with police near the United States Consulate General in Karachi. Hundreds of pro-Iran protesters took to the streets in Karachi, Lahore and Islamabad following US and Israeli strikes on Iran. An official from the private rescue service Edhi Foundation also confirmed that they moved nine dead bodies and dozens injured to hospital. Clashes started when police tried to stop demonstrators from entering the consulate complex. Police have not yet issued an official statement on the situation. A UN official told BBC News that a United Nations office was set on fire in Gilgit, in Pakistan-administered Gilgit-Baltistan. Police confirmed that a curfew was imposed in the area after hundreds of people began protesting. Shia organizations had announced protest rallies in several cities, including Islamabad. (BBC News Web Page: 01/03/26, FARUK)

**AT LEAST 148 DEAD AFTER REPORTED STRIKE ON SCHOOL: IRAN**

At least 148 people have died after a reported strike hit a school in southern Iran, according to Iranian officials. Iran has blamed the US and Israel. US media reported that the military's Central Command (Centcom) was looking into reports of the incident, while Israel's military said it was "not aware" of any IDF operations in the area. The school was located in Minab, near an Islamic Revolutionary Guard Corps (IRGC) base which has previously been a target. At least 201 people have been killed in air strikes in Iran and 747 hurt since Saturday, the Iranian Red Crescent said. Iran's President Masoud Pezeshkian called the incident a "barbaric act" and "another black page in the record of countless crimes committed by the aggressors". (BBC News Web Page: 01/03/26, FARUK)

**ONE KILLED AND 11 INJURED AT DUBAI AND ABU DHABI AIRPORTS AS IRAN STRIKES REGION**

One person has been killed and 11 injured at airports in Dubai and Abu Dhabi, as Iran launched attacks across the Middle East in response to a massive and ongoing attack against it by the US and Israel. Authorities in Abu Dhabi confirmed a drone targeting Zayed International Airport (AUH) was intercepted, leading to "falling debris" killing one person and injuring seven. Dubai International Airport (DXB) - the world's busiest by passenger traffic - was damaged in an "incident" that injured four staff, according to authorities, who did not give further details. Thousands of flights have been grounded to and from the region, in one of the most serious disruptions to global travel since the Covid-19 pandemic.
(BBC News Web Page: 01/03/26, FARUK)

**UK TROOPS AND CIVILIANS BEING PUT AT RISK BY IRAN STRIKES: HEALEY**

The defence secretary has said protecting UK military and civilians in the Middle East from "indiscriminate attacks" by Iran was his priority. John Healey told the BBC that "no-one will mourn" the death of Supreme Leader Ayatollah Ali Khamenei, who was killed on the first day of US and Israeli air strikes on Iran. Healey said some British military personnel at a base in Bahrain had been "within several hundred yards" of a retaliatory missile and drone strike on Saturday, while two missiles had been fired in the direction of Cyprus. The UK did not participate in the US-Israeli strikes on Iran. The defence secretary said the government was reviewing the terror threat level in the UK. (BBC News Web Page: 01/03/26, FARUK)

## :: THE END ::